বাণিজ্যিক পরিচালন পদ্ধতি

Commercial Operation Procedure (COP)

ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

সূচিপত্র

অধ্যায়	শিরোনাম	পৃষ্ঠা
১। প্রথম অধ্যায়	**প্রারম্ভিক**	৪
	১.১ শিরোনাম ও প্রবর্তন	৫
	১.২ সংজ্ঞা	৫
২। দ্বিতীয় অধ্যায়	**বিদ্যুৎ সংযোগ ব্যবস্থাপনা**	৭
	২.১ নতুন বিদ্যুৎ সংযোগ ব্যবস্থাপনা	৮
	২.১.১ নতুন সংযোগ আবেদনের প্রয়োজনীয় ডকুমেন্টস	৮
	২.১.২ নতুন সংযোগ প্রদানের নিয়মাবলি	১২
	২.১.৩ নতুন সংযোগের লোড ও নেট মিটারিং সংযোগ অনুমোদন পদ্ধতি	১৪
	২.১.৪ বিতরণ লাইন সম্প্রসারণ/নির্মাণ কারিগরি অনুমোদন পদ্ধতি	১৪
	২.১.৫ জমাভিত্তিক কাজ	১৫
	২.১.৬ বিতরণ লাইন/বৈদ্যুতিক স্থাপনা অপসারণ/স্থানান্তরের অনুমোদন পদ্ধতি	১৬
	২.১.৭ উপকেন্দ্র কমিশনিং চার্জ	১৬
	২.১.৮ মিটার স্থাপন	১৬
	২.১.৯ মিটার সিলিং	১৮
	২.১.১০ অস্থায়ী সংযোগ প্রদানের সাধারণ নিয়মাবলি	১৯
	২.১.১১ সেনসাস	২০
	২.২ পুরাতন বিদ্যুৎ সংযোগ ব্যবস্থাপনা	২১
	২.২.১ ট্যারিফ পরিবর্তনের নিয়মাবলি	২১
	২.২.২ লোড পরিবর্তনের নিয়মাবলি	২১
	২.২.৩ মিটারিং ইউনিট পরিবর্তনের নিয়মাবলি	২২
	২.২.৪ সার্ভিস তার পরিবর্তন	২৩
	২.২.৫ নাম পরিবর্তন	২৩
	২.২.৬ মিটার / মিটারিং ইউনিট স্থানান্তর	২৪
	২.২.৭ বিদ্যুৎ সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্নকরণ	২৪
	২.২.৮ বিদ্যুৎ সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্নকরণ	২৪
	২.২.৯ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ	২৪
	২.২.১০ বিদ্যুৎ পুনঃ সংযোগ	২৫
	২.২.১১ গ্রাহকের বিদ্যুৎ বিল সংশোধনের নিয়মাবলি	২৫
	২.২.১২ অবৈধ সংযোগকারী গ্রাহকের বিল প্রস্তুতের নিয়মাবলী	২৬
	২.২.১৩ অবিলকৃত ইউনিট	২৯
৩। তৃতীয় অধ্যায়	**মিটার রিডিং ও বিলিং**	৩০
	৩.১ মিটার রিডিং	৩১
	৩.১.১ মিটার প্যারামিটার	৩১
	৩.১.২ মিটার রিডিং পদ্ধতি	৩১
	৩.২ বিলিং	৩৪
	৩.২.১ বিদ্যুৎ বিল	৩৪

অধ্যায়	শিরোনাম	পৃষ্ঠা
	৩.২.২ বিল প্রস্তুতি	৩৫
	৩.২.৩ লেজার সংরক্ষণ	৩৬
	৩.২.৪ বিল আদায়	৩৬
	৩.২.৫ বিল পুনর্মিলন (Reconciliation)	৩৭
	৩.২.৬ বিল রেমিটেন্স (Remittance)	৩৮
৪। চতুর্থ অধ্যায়	**MOD**	৪০
	৪.১ এমওডি দাখিল সংক্রান্ত বিষয়াবলি	৪১
	৪.১.১ প্রভিশনাল এমওডি	৪১
	৪.১.২ বিস্তারিত এমওডি	৪১
	৪.২ এমওডি ফরম্যাট সংক্রান্ত বিষয়াবলি	৪২
৫। পঞ্চম অধ্যায়	**পরিশিষ্ট**	৪৪

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১.১ শিরোনাম ও প্রবর্তন

১. এই বিধিমালা "ওজোপাডিকো'র বাণিজ্যিক পরিচালন পদ্ধতি (Commercial Operation Procedure – COP), ২০২৬" নামে অভিহিত হবে।
২. এটি অবিলম্বে কার্যকর হবে এবং এতদসংক্রান্ত ওজোপাডিকো'র প্রচলিত বিধি-বিধান রহিত হবে।
৩. এই বিধিমালার অধীনে প্রয়োজনীয় ফরম ও সফটওয়্যার সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত দপ্তর কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হবে।

১.২ সংজ্ঞা

বিষয়বস্তুর পরিপন্থী কোনো কিছু না থাকলে, এই বিধিমালায়—

১. "গ্রাহক" অর্থ সেই ব্যক্তি, যার নিজস্ব বা অধিভুক্ত স্থাপনা অথবা স্থানে ওজোপাডিকো কর্তৃক বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।
২. শ্রেণিভেদে গ্রাহক নিম্নরূপ হবে—
    - ২৩০/৪০০ ভোল্ট গ্রাহক – LT (Low Tension/নিম্নচাপ) গ্রাহক।
    - ১১০০০ ভোল্ট গ্রাহক – MT (Medium Tension/মধ্যমচাপ) গ্রাহক।
    - ৩৩০০০ ভোল্ট গ্রাহক – HT (High Tension/উচ্চচাপ) গ্রাহক।
    - ১৩২০০০ ভোল্ট গ্রাহক – EHT (Extra High Tension/অতি উচ্চচাপ) গ্রাহক।
    - ২৩০০০০ ভোল্ট গ্রাহক – EHT (Extra High Tension/অতি উচ্চচাপ) গ্রাহক।
৩. বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) বা বাংলাদেশ সরকার কর্তৃক ভবিষ্যতে জারিকৃত ট্যারিফ অনুযায়ী গ্রাহক শ্রেণিভেদ নির্ধারিত হবে।
৪. "সংযোগ" অর্থ ওজোপাডিকো'র বৈদ্যুতিক লাইন হতে তার, পরিবাহী বা অন্য কোনো মাধ্যমে গ্রাহক প্রান্তে স্থাপিত বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি বা সরঞ্জামে বৈধভাবে বিদ্যুৎ সংযোগ স্থাপন।
৫. "ওজোপাডিকো" অর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এবং "বাবিউবো" অর্থ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৬. "আইন" অর্থ বিদ্যুৎ আইন, ২০১৮।
৭. "বিদ্যুৎ বিধিমালা" অর্থ বিদ্যুৎ বিধিমালা, ২০২০।
৮. "মিটার" অর্থ ওজোপাডিকো কর্তৃক অনুমোদিত একটি বৈদ্যুতিক পরিমাপক যন্ত্র, যা বিদ্যুতের ব্যবহার ও পরিমাণ নির্ধারণের জন্য ব্যবহৃত হয়। মিটার ডিজিটাল অথবা প্রি-পেমেন্ট (অনলাইন/অফলাইন) ধরনের হতে পারে।
৯. "সড়ক" অর্থ জনগণের ব্যবহারের জন্য সরকার কর্তৃক নির্মিত পথ।
১০. "ব্যাংক" অর্থ বিবিবি/ইএসইউ অফিসের অধীনস্থ এলাকার বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুমোদিত নির্ধারিত ব্যাংক।
১১. "পওস" অর্থ পরিচালন ও সংরক্ষণ সার্কেল।
১২. "বিবিবি" অর্থ বিক্রয় ও বিতরণ বিভাগ।
১৩. "ইএসইউ (ESU)" অর্থ Electricity Supply Unit (বিদ্যুৎ সরবরাহ ইউনিট)।
১৪. "ট্যারিফ" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বা বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত ওজোপাডিকো'র জন্য নির্ধারিত বিদ্যুতের খুচরা মূল্যহার।
১৫. "লোড" অর্থ গ্রাহক কর্তৃক ব্যবহৃত বৈদ্যুতিক সরঞ্জামসমূহের রেটিং।
১৬. "অনুমোদিত লোড" অর্থ গ্রাহকের ব্যবহারের জন্য তার অনুকূলে বরাদ্দকৃত লোড।
১৭. কানেক্টেড লোড (সংযুক্ত লোড) অর্থ গ্রাহকের স্থাপনায় সংযুক্ত সকল বৈদ্যুতিক লোড।
১৮. "ফিডার ইনচার্জ" অর্থ উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী।
১৯. "ফিডার সুপারভাইজার" অর্থ উপ-সহকারী প্রকৌশলী।
২০. "বিবি/বিবিবি প্রধান" অর্থ নির্বাহী প্রকৌশলী।

২১. “ইএসইউ প্রধান” অর্থ আবাসিক প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী।

২২. “পওস প্রধান/ সার্কেল প্রধান” অর্থ তত্ত্বাবধায়ক প্রকৌশলী।

২৩. “জোন প্রধান” অর্থ প্রধান প্রকৌশলী পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।

২৪. “BERC” অর্থ Bangladesh Energy Regulatory Commission।

২৫. “SREDA” অর্থ Sustainable and Renewable Energy Development Authority.

২৬. “এমওডি (MOD)” অর্থ Monthly Operational Data (মাসিক পরিচালন তথ্যাদি)।

২৭. “সিওপি (COP)” অর্থ Commercial Operation Procedure (বাণিজ্যিক পরিচালন পদ্ধতি)।

২৮. “DCS” অর্থ Daily Collection Sheet.

২৯. “DCU” অর্থ Data Concetrator Unit.

৩০. “MRS” অর্থ Meter Reading Sheet.

৩১. “অনলাইন ব্যাংক” বলতে ওজোপাডিকো’র সাথে চুক্তিভুক্ত এমন সকল ব্যাংককে বোঝাবে, যারা ওজোপাডিকো’র সাথে একটি স্বয়ংক্রিয় ইলেকট্রনিক ব্যবস্থার আওতাভুক্ত। এ ব্যবস্থায় গ্রাহক ব্যাংকে পোস্টপেইড বা প্রিপেইড বিল পরিশোধ করলে উক্ত বিল পরিশোধের তথ্য স্বয়ংক্রিয়ভাবে ওজোপাডিকো’র ডাটাবেজে সংরক্ষিত হবে।

৩২. “MFS” অর্থ Mobile Financial Service।

৩৩. “টোকেন (Token)” অর্থ প্রিপেইড মিটারে রিচার্জের জন্য ভেন্ডিং সিস্টেম কর্তৃক প্রদত্ত কোড।

৩৪. “KDA” অর্থ Khulna Development Authority.

৩৫. “GTP” অর্থ Guaranteed Technical Particulars.

বি:দ্র: হালনাগাদ বিদ্যুৎ আইন, বিদ্যুৎ বিধিমালা, বাংলাদেশ এনার্জি রেগুলেটারী কমিশন (BERC) এবং বিদ্যুৎ বিভাগ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশাবলি প্রতিপালন করা হবে।

দ্বিতীয় অধ্যায়

বিদ্যুৎ সংযোগ ব্যবস্থাপনা

২.১। নতুন বিদ্যুৎ সংযোগ ব্যবস্থাপনা

বাংলাদেশের যে কোনো নাগরিক আইন, বিধি এবং সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনার আলোকে ওজোপাডিকো হতে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করতে পারবেন। গ্রাহক কর্তৃক নতুন সংযোগের আবেদন করা হলে BERC/বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে নিকটবর্তী বৈদ্যুতিক পোল হতে ১০০ ফুট (৩০ মিটার) এর মধ্যে গ্রাহক আঙিনায় সংযোগ প্রদান করতে হবে। গ্রাহকের আবেদনে কোনো ভুল, সরবরাহকৃত ডকুমেন্টে কোনো অসামঞ্জস্যতা অথবা অতিরিক্ত ডকুমেন্টের প্রয়োজন হলে কিংবা আইনগত বা কারিগরি কারণে সংযোগ প্রদান সম্ভব না হলে, নির্ধারিত সময়সীমার মধ্যে গ্রাহককে বিষয়টি সুস্পষ্টভাবে অবহিত করতে হবে।

২.১.১ নতুন সংযোগ আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

১। আবাসিক (LT-A)

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।
২. জমি/ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারির কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরিকদের অনাপত্তিপত্র অথবা ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র অথবা যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা ভূমি মালিকানা সনদ।
৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/সাময়িক সনদ।
৪. একই নামে, একই গ্রাহক শ্রেণি এবং একই স্থাপনায় নতুন সংযোগ নিতে নতুন করে কোনো ডকুমেন্ট প্রয়োজন হবে না। তবে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি এবং সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে।
৫. লোডের চাহিদার পরিমাণ।
৬. ইমারতের ক্ষেত্রে গ্রাহকের স্ব-উদ্যোগে বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড-২০০৬ (সংশোধিত ২০২০) অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম স্থাপনের প্রমাণপত্র।
৭. কেডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা/ইউনিয়ন পরিষদ কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)। সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে হালনাগাদ হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

২। LT-D2: রাস্তার বাতি ও পানির পাম্প

১. সংযোগ গ্রহণকারী পৌরসভা/সিটি কর্পোরেশন/ইউনিয়ন পরিষদের পক্ষে মেয়র/প্রধান নির্বাহী/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি।
২. জমির মালিকানা দলিল/খতিয়ানের সত্যায়িত ছবি (প্রযোজ্য ক্ষেত্রে)।
৩. জাতীয় পরিচয়পত্র এর (প্রতিষ্ঠানের পক্ষে মেয়র/প্রধান নির্বাহী/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) সত্যায়িত ফটোকপি।
৪. লোডের চাহিদার পরিমাণ ও বিবরণ।
৫. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের দাপ্তরিক প্যাডে লোডের বিবরণসহ আবেদনপত্র।

৩। LT-D3: ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশন

LT-E: বাণিজ্যিক ও অফিস

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।
২. জমি/ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারির কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরিকদের অনাপত্তিপত্র অথবা সংযোগ গ্রহণকারী ভাড়াটিয়া হলে জমির মালিকের সাথে রেজিস্টার্ড চুক্তিপত্র, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নেবেন মর্মে উল্লেখ থাকবে অথবা ভূমি মালিকানা সনদ।
৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/সাময়িক সনদ।
৪. একই নামে, একই গ্রাহক শ্রেণি এবং একই স্থাপনায় নতুন সংযোগ নিতে নতুন করে কোনো ডকুমেন্ট প্রয়োজন হবে না। তবে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি এবং সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে।
৫. লোডের চাহিদার পরিমাণ ।
৬. বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড-২০০৬ (সংশোধিত ২০২০) এবং বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম স্থাপন এবং নেট মিটারিং সংযোগের অনুমোদনপত্র।
৭. ট্রেড লাইসেন্স ।
৮. কেডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা/ইউনিয়ন পরিষদ কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)। সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে হালনাগাদ হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। LT-B: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।
২. জমি/ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারির কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরিকদের অনাপত্তিপত্র অথবা লিজ ডিডের ক্ষেত্রে জমির মালিকের সাথে রেজিস্টার্ড চুক্তিপত্র, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নেবেন মর্মে উল্লেখ থাকবে অথবা ভূমি মালিকানা সনদ।
৩. লোডের চাহিদার পরিমাণ ।
৪. সেচ কমিটির অনুমোদনপত্র।

৫। LT-C1: ক্ষুদ্র শিল্প

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।
২. জমি/ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারির কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরিকদের অনাপত্তিপত্র অথবা সংযোগ গ্রহণকারী ভাড়াটিয়া হলে জমির মালিকের সাথে রেজিস্টার্ড চুক্তিপত্র, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নেবেন মর্মে উল্লেখ থাকবে অথবা ভূমি মালিকানা সনদ।
৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/সাময়িক সনদ।
৪. একই আঙিনায়/হোল্ডিং/স্থাপনায় একই নামে/মালিকানায় একাধিক শিল্প সংযোগ প্রদান করা যাবে না। তবে সরকারি ভ্যাট/ট্যাক্স প্রদানের স্বার্থে আলাদা নামে ভিন্ন প্রতিষ্ঠান পরিচালিত হলে সংশ্লিষ্ট স্থাপনার সকল প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিল বকেয়া না রাখার অঙ্গীকার এবং কোনো প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিল বকেয়া থাকলে সকল প্রতিষ্ঠানের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা যাবে মর্মে অঙ্গীকার গ্রহণপূর্বক বিদ্যুৎ সংযোগ প্রদান করা যাবে। (মাদার-চাইল্ড অনলাইন মিটারিং ব্যবস্থায় সংযোগটি স্থাপন করতে হবে।)
৫. লোডের চাহিদার পরিমাণ ।

৬. বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড-২০০৬ (সংশোধিত ২০২০) এবং বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম স্থাপন এবং নেট মিটারিং সংযোগের অনুমোদনপত্র।
৭. ট্রেড লাইসেন্স।
৮. কেডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা/ইউনিয়ন পরিষদ কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)। সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে হালনাগাদ হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬। LT-C2 : নির্মাণ

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।
২. জমি/ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারির কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরিকদের অনাপত্তিপত্র অথবা ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র অথবা যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা ভূমি মালিকানা সনদ।
৩. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।
৪. পূর্বে কোনো সংযোগ থাকলে শুধু জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি এবং ওই সংযোগের সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে।
৫. কেডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা/ইউনিয়ন পরিষদ কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)। সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে হালনাগাদ হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭। LT-D1: শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।
২. জমি/ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারির কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরিকদের অনাপত্তিপত্র অথবা ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র অথবা যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা ভূমি মালিকানা সনদ।
৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/সাময়িক সনদ।
৪. একই নামে, একই গ্রাহক শ্রেণি এবং একই স্থাপনায় নতুন সংযোগ নিতে নতুন করে কোনো ডকুমেন্ট প্রয়োজন হবে না। তবে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি এবং সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে।
৫. লোডের চাহিদার পরিমাণ ।
৬. বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড-২০০৬ (সংশোধিত ২০২০) এবং বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম স্থাপন এবং নেট মিটারিং সংযোগের অনুমোদনপত্র।
৭. কেডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা/ইউনিয়ন পরিষদ কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)। সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে হালনাগাদ হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

৮। LT-T : অস্থায়ী

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।
২. সামাজিক বা বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

৩. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।

৪. সংযোগ গ্রহণকারী ভাড়াটিয়া হলে জমির মালিকের সাথে রেজিস্টার্ড চুক্তিপত্র থাকতে হবে, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নেবেন মর্মে উল্লেখ থাকবে।

৯। নদীভাঙনে ভূমিহীন, রাস্তার পাশে বা সরকারি খাস জমিতে একটি আবাসিক/বাণিজ্যিক (সিঙ্গেল ফেজ) বিদ্যুৎ সংযোগ প্রদান

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।

২. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

বি: দ্র: পরিশিষ্ট ১ (ক,খ)

১০। মধ্যমচাপ (MT): ১১ কেভি এবং উচ্চচাপ (HT): ৩৩ কেভি সংযোগের ক্ষেত্রে

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।

২. জমি/ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারির কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরিকদের অনাপত্তিপত্র অথবা ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র অথবা যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা ভূমি মালিকানা সনদ। সংযোগ গ্রহণকারী ভাড়াটিয়া হলে জমির মালিকের সাথে রেজিস্টার্ড চুক্তিপত্র থাকতে হবে, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নেবেন মর্মে উল্লেখ থাকবে।

৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/সাময়িক সনদ।

৪. একই নামে, একই গ্রাহক শ্রেণি এবং একই স্থাপনায় নতুন সংযোগ নিতে নতুন করে কোনো ডকুমেন্ট প্রয়োজন হবে না। তবে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি এবং সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে।

৫. লোডের চাহিদার পরিমাণ ।

৬. বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড-২০০৬ (সংশোধিত ২০২০) এবং বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম স্থাপন এবং নেট মিটারিং সংযোগের অনুমোদনপত্র।

৭. ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)।

৮. প্রধান বৈদ্যুতিক পরিদর্শকের (Chief Electrical Inspector) সনদপত্র।

৯. ট্রান্সফরমার, LT/HT সুইচগিয়ার এবং PFI প্ল্যান্টের স্পেসিফিকেশন, প্রোটেকশন ও মিটারিং স্কিমের ওয়্যারিং ডায়াগ্রাম।

১০. গ্রাহকের সাবস্টেশনের পরিকল্পনা নকশা এবং সাবস্টেশনের বৈদ্যুতিক সিঙ্গেল লাইন ডায়াগ্রাম।

১১. গ্রাহকের সাবস্টেশনে নিজস্ব মিটারিং প্যানেল স্থাপনের জন্য ইউটিলিটি কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী একটি কক্ষের ব্যবস্থা।

১২. কারখানা/স্থাপনা স্থাপনের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

১৩. কারখানা/স্থাপনার সাবস্টেশন এলাকার রাস্তাঘাট ও বিদ্যুৎ লাইনের অবস্থানসহ একটি নকশা।

১৪. শিল্প হিসেবে নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৫. কেডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা/ইউনিয়ন পরিষদ কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)। সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে হালনাগাদ হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

বি: দ্র: পরিশিষ্ট ২ (ক,খ)

১১। নেট মিটারিং সংযোগ

রুফটপ সোলার সিস্টেমের আওতায় নেট মিটারিং সংযোগ প্রদানের ক্ষেত্রে নেট মিটারিং নির্দেশিকা-২০২৫ অথবা সর্বশেষ নেট মিটারিং নির্দেশিকা এবং সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) ও বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ডকুমেন্ট ও আনুষঙ্গিক মালামাল গ্রাহক কর্তৃক সরবরাহ করতে হবে।

বি: দ্র: (পরিশিষ্ট ৩০ (ক,খ))

২.১.২ নতুন সংযোগ প্রদানের নিয়মাবলি

ক) প্রতিটি বিবিবি/ইএসইউ দপ্তরের অধীনস্থ ৩৩ কেভি ও ১১ কেভি ফিডারসমূহের পরিচালন, সংরক্ষণ এবং বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার জন্য দপ্তর প্রধান কর্তৃক উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলীগণকে **ফিডার ইনচার্জ** এবং উপ-সহকারী প্রকৌশলীগণকে **ফিডার সুপারভাইজার** হিসেবে দায়িত্ব প্রদান করতে হবে। ফিডার ইনচার্জ এবং ফিডার সুপারভাইজার তাদের আওতাধীন ফিডারসমূহের নতুন বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত অনুমোদিত কার্যাবলিসহ যাবতীয় বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করবেন।

খ) নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন অনলাইন নতুন সংযোগ সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে ওজোপাডিকো'র সিটিজেন চার্টার বাস্তবায়ন কমিটি/আইসিটি শাখা/বাণিজ্যিক শাখা অথবা সদর দপ্তরের অনুমোদনক্রমে অনলাইন নতুন বিদ্যুৎ সংযোগ সফটওয়্যার **(পরিশিষ্ট ৩)** এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

বি: দ্র: (পরিশিষ্ট ৩০ (ক,খ))

গ) নতুন সংযোগ প্রদানের জন্য সরকার/মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়সীমা অনুসরণ করতে হবে। আবেদনটি সরাসরি সংশ্লিষ্ট বিবিবি/ইএসইউ প্রধানের নিকট প্রেরিত হবে এবং আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল দলিলাদিসহ লোড সার্ভের জন্য সফটওয়্যারে স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী ধাপগুলোতে যাবে।

- ২৩০ ভোল্ট সংযোগের আবেদনের ক্ষেত্রে **ফিডার সুপারভাইজার**;
- ৪০০ ভোল্ট সংযোগের আবেদনের ক্ষেত্রে **ফিডার ইনচার্জ**;
- ১১ কেভি এবং তদূর্ধ্ব সংযোগের আবেদনের ক্ষেত্রে **নির্বাহী প্রকৌশলী**;

লোড সার্ভে, ফিল্ড পরিদর্শন, বকেয়া সংক্রান্ত তথ্যাদি এবং অন্যান্য কারিগরি তথ্যাদি যাচাই করবেন।

ঘ) সংশ্লিষ্ট ফিডার সুভারভাইজার / ইনচার্জ তথ্যাদি যাচাই-বাছাই শেষে মতামতসহ কারিগরি অনুমোদনের জন্য বিবিবি/ইএসইউ প্রধানের নিকট আবেদনটি অগ্রগামী করবেন।

ঙ) লোড অনুমোদনকারী কর্মকর্তা যথার্থতা নিশ্চিত সাপেক্ষে ২.১.৩ ধারায় বর্ণিত ছক অনুযায়ী লোড অনুমোদন করবেন এবং আবেদনপত্রটি পুনরায় ফিডার ইনচার্জ / সুভারভাইজার এর নিকট নিম্নগামী করবেন।

চ) লোড অনুমোদিত না হলে কারণ উল্লেখপূর্বক গ্রাহককে অবহিত করতে হবে। লোড অনুমোদিত হলে মালামাল ও মজুরি প্রাক্কলন এবং জামানতের বিল প্রস্তুতপূর্বক ফিডার সুপারভাইজার সংশ্লিষ্ট ফিডার ইনচার্জের নিকট অগ্রগামী করবেন। ফিডার ইনচার্জ প্রয়োজনীয় যাচাই শেষে প্রাক্কলন অনুমোদনের জন্য বিবিবি/ইএসইউ প্রধানের নিকট উর্ধগামী করবেন। বিবিবি/ইএসইউ প্রধান প্রয়োজনীয় নিরীক্ষা শেষে প্রাক্কলন অনুমোদন করবেন।

ছ) গ্রাহক তার প্রাপ্ত ট্র্যাকিং নম্বরের বিপরীতে ওজোপাডিকো'র ওয়েবসাইটে প্রবেশ করে অনুমোদিত প্রাক্কলন প্রিন্ট করতে পারবেন এবং সংশ্লিষ্ট অফিসের আওতাধীন অনুমোদিত ব্যাংক অথবা অনলাইনের মাধ্যমে প্রাক্কলনের অর্থ পরিশোধ করবেন। আবেদনকারী প্রাক্কলিত অর্থ পরিশোধ না করলে অথবা সংযোগ গ্রহণে অসম্মতি জানালে তার অনুকূলে অনুমোদিত লোড বাতিল করতে হবে এবং আবেদনকারীকে অবহিত করতে হবে।

জ) উপকেন্দ্র/ট্রান্সফরমারভিত্তিক গ্রাহক সন্নিবেশ করতে হবে এবং সংশ্লিষ্ট উপকেন্দ্র/ট্রান্সফরমারের আওতায় নতুন সংযোগের লোড অনুমোদনের পূর্বে উক্ত উপকেন্দ্র/ট্রান্সফরমারের বিপরীতে ইতঃপূর্বে অনুমোদিত লোড চেক করতে হবে। লোড অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপকেন্দ্র/ট্রান্সফরমারের ধারণক্ষমতার মধ্যে থাকতে হবে; কোনো অবস্থাতেই ওভারলোড করা যাবে না।

ঝ) শুধুমাত্র আবাসিক সংযোগের ক্ষেত্রে একই স্থাপনা/আঙিনায় একাধিক সংযোগ প্রদান করা যাবে, তবে একই ফ্ল্যাটে একটির বেশি আবাসিক সংযোগ থাকবে না। আবাসিক ট্যারিফ ব্যতীত অন্য যে কোনো সংযোগের ক্ষেত্রে Bangladesh Energy Regulatory Commission/বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত ট্যারিফের প্রযোজ্যতা ও শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে সংযোগ প্রদান করতে হবে।

ঞ) আবেদনকারী গ্রাহকের একই স্থাপনা অথবা অন্য কোনো স্থাপনায় তার নামে বিদ্যমান বিদ্যুৎ সংযোগের বিপরীতে কোনো বকেয়া থাকলে উক্ত বকেয়া পরিশোধ না হওয়া পর্যন্ত নতুন সংযোগ প্রদান করা যাবে না।

ট) গ্রাহকের প্রয়োজনে লাইন বা বৈদ্যুতিক স্থাপনা নির্মাণের প্রয়োজন হলে জমাভিত্তিক (Deposit Work) হিসেবে কাজ সম্পাদন করতে হবে।

ঠ) গ্রাহক আঙিনায় ১১ কেভি বা তদূর্ধ্ব বিদ্যুৎ সংযোগ স্থাপন করা হলে ১১ কেভির নিম্নের বিদ্যমান সংযোগসমূহ স্থায়ীভাবে বিচ্ছিন্ন করতে হবে। এ ক্ষেত্রে পূর্ববর্তী সংযোগসমূহের জামানত সমন্বয় করা হবে।

ড) কোনো গ্রাহক একক এক্সপ্রেস ফিডারের (Express Feeder) মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ গ্রহণ করলে উপকেন্দ্রের সংশ্লিষ্ট ফিডার প্যানেলে মিটার স্থাপনপূর্বক বিল প্রস্তুত করতে হবে। ৩৩ কেভি সংযোগের ক্ষেত্রে উপকেন্দ্রের ফিডার প্যানেলে স্থাপিত মিটারের মাধ্যমে বিল করতে হবে এবং গ্রিড উপকেন্দ্র হতে বিদ্যুৎ সরবরাহ গ্রহণের ফলে যে লাইন/বাস লস হবে, নির্ধারিত রেশিও অনুযায়ী তা গ্রাহকের মিটারে রেকর্ডকৃত এনার্জির সাথে যোগ করে বিল প্রস্তুত করতে হবে।

ঢ) সংযোগ প্রদানের পূর্বে গ্রাহকের মিটারের অবস্থানের অক্ষাংশ (Latitude) ও দ্রাঘিমাংশ (Longitude) অনলাইনে/নির্ধারিত সফটওয়্যারে আপলোড করতে হবে।

ণ) আবাসিক/বাণিজ্যিক ভবন বা অন্য কোনো স্থাপনায় একক মিটারের অনুমোদিত লোড ৭.৫ কিলোওয়াটের বেশি হলে তিন-ফেজ সংযোগ প্রদান করতে হবে। এ ক্ষেত্রে গ্রাহকের স্থাপনায় তিন-ফেজে সমভাবে লোড বণ্টন নিশ্চিত করতে হবে।

ত) একই ভবন/স্থাপনায় একাধিক ইউনিটের মোট লোড ২০ কিলোওয়াটের অধিক পরবর্তীতে নতুন মিটার স্থাপনের পূর্বে তিন-ফেজ একক পয়েন্ট মাদার মিটার স্থাপনপূর্বক মাদার-চাইল্ড মিটারিং ব্যবস্থা গ্রহণ করতে হবে। মোট লোড ৮০ কিলোওয়াটের বেশি হলে এমটি (MT) সংযোগ গ্রহণ করতে হবে।

থ) একই আঙিনা, ফ্ল্যাট বা ইউনিটে একজন গ্রাহককে একটির বেশি বিদ্যুৎ সংযোগ প্রদান করা যাবে না।

দ) সরকার কর্তৃক সময়ে সময় জারিকৃত নির্দেশনা অনুযায়ী নতুন সংযোগ আবেদনের নিয়ম ও পদ্ধতি পরিবর্তন হতে পারে।

ধ) কোনো গ্রাহক কে মাদার চাইল্ড মিটারিং এর মাধ্যমে সংযোগ প্রদান করা হলে আবশ্যিক ভাবে মাদার-চাইল্ড মিটারিং টি প্রি-পেমেন্ট সিস্টেমের আওতায় হতে হবে। যদি কোনো সংযোগে মাদার মিটার পোস্টপেইড এবং চাইল্ড মিটার সমূহ প্রিপেইড হয়ে থাকে সেক্ষেত্রে ওজোপাডিকো কর্তৃক সরবরহকৃত DCU এবং সিম এর মাধ্যমে অনলাইনে সকল চাইল্ড মিটারের রিডিং গ্রহণ করতে হবে।

২.১.৩ নতুন সংযোগের লোড ও নেট মিটারিং সংযোগ অনুমোদন পদ্ধতি

নতুন বিদ্যুৎ সংযোগের লোড অনুমোদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত ছক অনুযায়ী ক্ষমতা প্রয়োগ করতে হবে:

ক্র: নং	অনুমোদনকারী কর্মকর্তার পদবি	লোড অনুমোদনের ক্ষমতা (কিলোওয়াট)	মন্তব্য
০১	আবাসিক প্রকৌশলী (SDE)	৮	বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/সরকার/ওজোপাডিকো কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক ফেজ, ভোল্টেজ ও গ্রাহক শ্রেণি নির্ধারণ করতে হবে। মাদার-চাইল্ড সংযোগের ক্ষেত্রেও প্রযোজ্য।
০২	নির্বাহী প্রকৌশলী	৫০ কিলোওয়াট পর্যন্ত	
০৩	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	৫১ হতে ২৫০ কিলোওয়াট পর্যন্ত	
০৪	প্রধান প্রকৌশলী	২৫১ হতে ৫০০ কিলোওয়াট পর্যন্ত	
০৫	নির্বাহী পরিচালক	৫০১ হতে ১০০০ কিলোওয়াট পর্যন্ত	
০৬	ব্যবস্থাপনা পরিচালক	১০০১ কিলোওয়াটের উর্ধ্বে	

নেট মিটারিং সংযোগ অনুমোদন:

নেট মিটারিং সংযোগের লোড অনুমোদনের ক্ষেত্রে লোড অনুমোদনকারী কর্মকর্তা সংশ্লিষ্ট সংযোগের বিপরীতে নেট মিটারিং লোড অনুমোদন প্রদান করবেন। এ ক্ষেত্রে ওজোপাডিকো'র (Renewable Energy Cell) দপ্তরের মতামত গ্রহণ করতে হবে।

২.১.৪ বিতরণ লাইন সম্প্রসারণ/নির্মাণ কারিগরি অনুমোদন পদ্ধতি

গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদানের নিমিত্ত বিদ্যুৎ লাইন সম্প্রসারণের প্রয়োজন হলে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক্র: নং	বিতরণ লাইনের ধরন	লাইন স্প্যান	প্রত্যাশিত লোড (কি.ও.)	অনুমোদনকারী	নির্মাণ ব্যয়	মন্তব্য
১।	০.৪ কেভি লাইন	০২ (দুই)	৫	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	ওজোপাডিকো	প্রত্যাশিত লোডের কম হলে জমাভিত্তিক পদ্ধতিতে নির্মাণ করতে হবে।
	০.৪ কেভি লাইন	০৪ (চার)	১০			
২।	১১ কেভি লাইন	০৫ (পাঁচ)	১০০০	প্রধান প্রকৌশলী		
		১০ (দশ)	২০০০			
৩।	১১/০.৪ কেভি লাইন	০৫ (পাঁচ)	২০০			
		১০ (দশ)	৪০০			
৪।	৩৩ কেভি লাইন (সিঙ্গেল	যে কোনো পরিমাণ	৫০০০ হতে ২০০০০	নির্বাহী পরিচালক (অপারেশন)	গ্রাহক	নকশা ও পরিদর্শন দপ্তরের

ক্র: নং	বিতরণ লাইনের ধরন	লাইন স্প্যান	প্রত্যাশিত লোড (কি.ও.)	অনুমোদনকারী	নির্মাণ ব্যয়	মন্তব্য
	সার্কিট)					মতামত গ্রহণ করতে হবে।
৫।	৩৩ কেভি লাইন (ডাবল সার্কিট)	যে কোনো পরিমাণ	২০০০০ হতে ৩০০০০			
৬।	১৩২ কেভি ও তদূর্ধ্ব লাইন	যে কোনো পরিমাণ	২০০০০ হতে তদূর্ধ্ব	বোর্ড		

১. উপর্যুক্ত অনুমোদন প্রক্রিয়া শুধুমাত্র লাইনের ধরন ও পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হবে; উক্ত লাইন নির্মাণের জন্য প্রয়োজনীয় প্রাক্কলন অনুমোদন বোঝাবে না। লাইন নির্মাণ/সম্প্রসারণের ক্ষেত্রে প্রাক্কলন অনুমোদনের জন্য ওজোপাডিকো'র আর্থিক ক্ষমতা অর্পণ বিধি অনুযায়ী ক্ষমতা প্রয়োগ করতে হবে।

২. উপর্যুক্ত ছকে বর্ণিত ১ (এক) স্প্যানের দৈর্ঘ্য ৪০ (চল্লিশ) মিটার হিসেবে গণ্য হবে।

৩. উপর্যুক্ত ছকে উল্লিখিত স্প্যান সীমার বাইরে লাইন সম্প্রসারণ করতে হলে সম্পূর্ণ কাজ জমাভিত্তিক (Deposit Work) হিসেবে সম্পাদন করতে হবে।

৪. প্রত্যাশিত লোড একক গ্রাহকের ক্ষেত্রে জমাভিত্তিক কাজ হিসেবে বিবেচিত হবে।

২.১.৫ জমাভিত্তিক কাজ (Deposit Work)

ক) গ্রাহকের নিজ প্রয়োজনে সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক কোনো আবাসিক, বাণিজ্যিক বা শিল্প এলাকায় নতুন বৈদ্যুতিক স্থাপনা যেমন—বিদ্যুৎ লাইন, ট্রান্সফরমার, উপকেন্দ্র ইত্যাদি নির্মাণ বা অপসারণের প্রয়োজন হলে অথবা ব্যক্তি মালিকানাধীন জমি/রাস্তার পাশে বিদ্যুৎ লাইন নির্মাণ বা অপসারণের প্রয়োজন হলে জমাভিত্তিক পদ্ধতিতে কাজ সম্পাদন করতে হবে। গ্রাহক বা প্রতিষ্ঠান নির্মাণ/অপসারণযোগ্য বৈদ্যুতিক স্থাপনার প্রাক্কলিত মূল্য ওজোপাডিকো'র অনুকূলে জমা প্রদান করলে ওজোপাডিকো উক্ত কাজ সম্পাদন করবে। নির্মিত বৈদ্যুতিক স্থাপনা ওজোপাডিকো'র নিয়ন্ত্রণে থাকবে। গ্রাহকের প্রয়োজন অনুযায়ী বৈদ্যুতিক স্থাপনার আপগ্রেডেশন, নির্ধারিত রক্ষণাবেক্ষণ (Scheduled Maintenance) অথবা অন্য কোনো কাজের ব্যয়ভার গ্রাহক বহন করবেন।

খ) জমাভিত্তিক কাজ সম্পাদনের ক্ষেত্রে গ্রাহক এবং ওজোপাডিকো'র মধ্যে বাণিজ্যিক পরিচালন পদ্ধতি (COP) অনুযায়ী চুক্তি সম্পাদন করতে হবে।

গ) বিদ্যমান বৈদ্যুতিক লাইন বা বৈদ্যুতিক স্থাপনা অপসারণ অথবা স্থানান্তরের প্রয়োজন হলে অপসারণ/স্থানান্তর কাজ জমাভিত্তিক পদ্ধতিতে সম্পন্ন করতে হবে। গ্রাহক/প্রতিষ্ঠান অপসারণ বা স্থানান্তর কাজের প্রাক্কলিত মূল্য ওজোপাডিকো'র অনুকূলে জমা প্রদান করলে ওজোপাডিকো উক্ত কাজ সম্পাদন করবে।

ঘ) বৈদ্যুতিক লাইন/বৈদ্যুতিক স্থাপনা নির্মাণ, অপসারণ অথবা স্থানান্তর কাজের প্রাক্কলিত মূল্য হবে:

[মালামালের মূল্য + নির্মাণ ব্যয় + পরিবহন ব্যয় + সুপারভিশন চার্জ + (প্রযোজ্য ভ্যাট + প্রযোজ্য কর)]

এক্ষেত্রে, **সুপারভিশন চার্জ = (মালামালের মূল্য + নির্মাণ ব্যয় + পরিবহন ব্যয়)-এর ১৬%**

বি.দ্র.: কোনো গ্রাহক বা প্রতিষ্ঠানের জমাভিত্তিক কাজের প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, সরকার অথবা ওজোপাডিকো কর্তৃক ভিন্ন কোনো নির্দেশনা জারি করা হলে তা প্রযোজ্য হবে।

২.১.৬ বিতরণ লাইন/বৈদ্যুতিক স্থাপনা নির্মাণ/অপসারণ/স্থানান্তর এর আর্থিক অনুমোদন পদ্ধতি

ক্র: নং.	লাইন / বৈদ্যুতিক স্থাপনার ধরণ	অনুমোদনকারী	মন্তব্য
১।	০.৪ কেভি লাইন	ওজোপাডিকো'র আর্থিক ক্ষমতা অর্পণ বিধি অনুযায়ী আর্থিক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা	
২।	১১ কেভি লাইন, ১১/০.৪ কেভি লাইন ও ১১/.৪ কেভি উপকেন্দ্র		
৩।	৩৩ কেভি লাইন		নকশা ও পরিদর্শন দপ্তরের মতামত সাপেক্ষে

সরকারি সড়ক বা ওজোপাডিকো'র আওতাধীন লাইন/বৈদ্যুতিক স্থাপনা ব্যতীত গ্রাহক নিজ প্রাঙ্গণে স্থাপিত বৈদ্যুতিক স্থাপনা নির্মাণ/ অপসারণ/ স্থানান্তর নিজ উদ্যোগে সম্পাদন করতে পারবেন। তবে এ ক্ষেত্রে ওজোপাডিকো'র পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। যদি ওজোপাডিকো কর্তৃক উক্ত কাজ সম্পাদন করা হয়, তাহলে তা জমাভিত্তিক কাজ হিসেবে সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে নির্মিত বৈদ্যুতিক স্থাপনা ওজোপাডিকো'র নিয়ন্ত্রণে থাকবে এবং এর নির্ধারিত রক্ষণাবেক্ষণ ব্যয়ভার সংশ্লিষ্ট গ্রাহক বহন করবেন।

২.১.৭ উপকেন্দ্র কমিশনিং চার্জ

ক্র. নং	উপকেন্দ্রের ধরন	সুপারভিশন চার্জ (টাকা)		
		নতুন	সম্প্রসারণ	স্থানান্তর/অপসারণ
১	১১/০.৪ কেভি ৬ এমভিএ পর্যন্ত	১০,০০০.০০	৫,০০০.০০	৫,০০০.০০
২	৩৩/১১ কেভি ২০ এমভিএ পর্যন্ত	২,০০,০০০.০০	১,৫০,০০০.০০	১,৫০,০০০.০০
৩	৩৩/১১ কেভি ২০ এমভিএ-এর উর্ধ্বে	৩,০০,০০০.০০	২,০০,০০০.০০	২,০০,০০০.০০
৪	১৩২/৩৩ কেভি বা তদূর্ধ্ব যে কোনো ক্ষমতার উপকেন্দ্র	৪,০০০,০০০.০০	৩,০০০,০০০.০০	৩,০০০,০০০.০০

২.১.৮ মিটার স্থাপন

ক) ২৩০ ভোল্ট গ্রাহকের ক্ষেত্রে

১. নতুন সংযোগ গ্রহণের ক্ষেত্রে ওজোপাডিকো কর্তৃক অনুমোদিত প্রিপেইড/স্মার্ট প্রি-পেইড মিটারের মাধ্যমে সংযোগ গ্রহণ করতে হবে।

২. ওজোপাডিকো কর্তৃক প্রি-পেইড মিটার সরবরাহ করা হলে গ্রাহক হতে মিটার ভাড়া ওজোপাডিকো বা বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বা সরকার কর্তৃক নির্ধারিত হারে কর্তন করতে হবে। তবে প্রি-পেইড মিটারের মূল্য গ্রাহকের নিকট হতে এককালীনও গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে মিটার ভাড়া প্রযোজ্য হবে না।

৩. ওজোপাডিকো থেকে সরবরাহকৃত প্রি-পেইড মিটারের ক্ষেত্রে বিদ্যমান মিটার গ্রাহক কর্তৃক অবৈধ হস্তক্ষেপের কারণে ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণ বাবদ মিটারের মূল্য গ্রাহক কর্তৃক পরিশোধ সাপেক্ষে মিটার পরিবর্তন করতে হবে এবং প্রতি মাসে মিটার ভাড়া চলমান থাকবে।

৪. প্রাকৃতিক দুর্যোগ/কারিগরি ত্রুটির কারণে ওজোপাডিকো কর্তৃক সরবরাহকৃত প্রি-পেইড মিটার নষ্ট হয়েছে প্রতীয়মান হলে ওজোপাডিকো কর্তৃক প্রতিস্থাপন করা হবে এবং প্রতি মাসে মিটার ভাড়া চলমান থাকবে।

৫. মিটারটি দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

৬. লুজ কানেকশন পরিহারের জন্য একই স্থাপনায় একই মালিকের একাধিক মিটার থাকলে লোড অনুযায়ী ১টি মাত্র সার্ভিস ড্রপ ক্যাবল স্থাপন করতে হবে। প্রতিটি বাসবার বক্স, মিটার এবং মিটার বক্সে সিলিং নিশ্চিত করতে হবে।

৭. নেট মিটারিং-এর মাধ্যমে মিটার সংযোগ স্থাপন করার সময় আবশ্যিকভাবে ওজোপাডিকো'র নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা সেলের প্রতিনিধির উপস্থিতিতে মিটারিং করতে হবে।

খ) ৪০০ ভোল্ট গ্রাহকের ক্ষেত্রে

১. নতুন সংযোগ গ্রহণের ক্ষেত্রে ওজোপাডিকো কর্তৃক অনুমোদিত প্রিপেইড/স্মার্ট প্রি-পেইড মিটারের মাধ্যমে সংযোগ গ্রহণ করতে হবে।

২. ওজোপাডিকো কর্তৃক প্রি-পেইড মিটার সরবরাহ করা হলে গ্রাহক হতে মিটার ভাড়া ওজোপাডিকো বা বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বা সরকার কর্তৃক নির্ধারিত হারে কর্তন করতে হবে। তবে প্রি-পেইড মিটারের মূল্য গ্রাহকের নিকট হতে এককালীনও গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে মিটার ভাড়া প্রযোজ্য হবে না।

৩. ওজোপাডিকো থেকে সরবরাহকৃত প্রি-পেইড মিটারের ক্ষেত্রে বিদ্যমান মিটার গ্রাহক কর্তৃক অবৈধ হস্তক্ষেপের কারণে ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণ বাবদ মিটারের মূল্য গ্রাহক কর্তৃক পরিশোধ সাপেক্ষে মিটার পরিবর্তন করতে হবে এবং প্রতি মাসে মিটার ভাড়া চলমান থাকবে।

৪. প্রাকৃতিক দুর্যোগ/কারিগরি ত্রুটির কারণে ওজোপাডিকো কর্তৃক সরবরাহকৃত প্রি-পেইড মিটার নষ্ট হয়েছে প্রতীয়মান হলে ওজোপাডিকো কর্তৃক প্রতিস্থাপন করা হবে এবং প্রতি মাসে মিটার ভাড়া চলমান থাকবে।

৫. ফিডার ইনচার্জের উপস্থিতিতে লাইনম্যান মিটার স্থাপন করবে। মিটারটি দৃশ্যমান ও সহজে প্রবেশযোগ্য স্থানে স্থাপন করতে হবে। মিটারটি ঘরের ভিতরে কিংবা এমন স্থানে স্থাপন করা যাবে না, যেখানে ওজোপাডিকো প্রতিনিধির স্বাভাবিক পরিদর্শন/প্রবেশ বাধাগ্রস্ত হয়।

৬. লুজ কানেকশন পরিহারের জন্য একই স্থাপনায় একই মালিকের একাধিক মিটার থাকলে লোড অনুযায়ী ১টি মাত্র সার্ভিস ড্রপ ক্যাবল স্থাপন করতে হবে। প্রতিটি বাসবার বক্স, মিটার এবং মিটার বক্সে সিলিং নিশ্চিত করতে হবে।

৭. ৫০-৮০ কিলোওয়াট লোডের গ্রাহকদের LT-CT মিটারের মাধ্যমে সংযোগ প্রদান করা যাবে। CT-সহ LT-CT মিটারিং ইউনিট মূল্য পরিশোধ সাপেক্ষে অফিস হতে সংগ্রহ করতে হবে। ওজোপাডিকো'র ভান্ডারে না থাকা সাপেক্ষে যদি গ্রাহক কর্তৃক CT/মিটার সরবরাহ করা হয়ে থাকে, সেক্ষেত্রে ওজোপাডিকো কর্তৃক অনুমোদিত CT/মিটারের GTP অনুযায়ী সরবরাহ করতে হবে এবং প্রয়োজনীয় সুপারভিশন চার্জ প্রদান সাপেক্ষে ওজোপাডিকো কর্তৃপক্ষের দ্বারা টেস্টিং সম্পন্ন করতে হবে। ফলাফল সন্তোষজনক হওয়া সাপেক্ষে CT/মিটার গ্রাহক স্থাপনায় স্থাপন করা যাবে।

৮. নেট মিটারিং-এর মাধ্যমে মিটার সংযোগ স্থাপন করার সময় আবশ্যিকভাবে ওজোপাডিকো'র নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা সেলের প্রতিনিধির উপস্থিতিতে মিটারিং করতে হবে।

গ) ১১,০০০ ভোল্ট ও ৩৩,০০০ ভোল্ট গ্রাহকের ক্ষেত্রে এবং তদুর্ধ্ব গ্রাহকের ক্ষেত্রে

১. ওজোপাডিকো কর্তৃক সরবরাহকৃত পোস্ট-পেইড মিটারসহ সিটি (CT) ও পিটি (PT)-এর মূল্য পরিশোধপূর্বক মিটার স্থাপন করতে হবে।

২. মিটারের মূল্য, সিটি, পিটি, জামানত ও প্রাক্কলনের মূল্য গ্রাহক কর্তৃক পরিশোধ করার পর সেগুলোর সংযোজনীসহ মিটার, সিটি ও পিটি বরাদ্দের জন্য সংশ্লিষ্ট দপ্তর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লোড অনুমোদনকারী কর্মকর্তার নিকট প্রেরণ করবে এবং তিনি সেগুলোর বরাদ্দ প্রদান করবেন।

৩. গ্রাহক কর্তৃক মূল্য পরিশোধ সাপেক্ষে ওজোপাডিকো হতে ইস্যুকৃত মিটার, সিটি ও পিটি ১ (এক) বছরের মধ্যে নষ্ট হলে (গ্রাহকের হস্তক্ষেপজনিত টেম্পারিং ব্যতীত) গ্রাহক সেবার স্বার্থে মূল্য পরিশোধ ব্যতিরেকে তা ওজোপাডিকো কর্তৃক বিনা খরচে প্রতিস্থাপন করা হবে। তবে ১ (এক) বছর পর নষ্ট হলে পুনরায় গ্রাহক কর্তৃক মূল্য পরিশোধ সাপেক্ষে তা পরিবর্তন করতে হবে।

৪. সকল মিটারিং বক্সে অনলাইন টেস্টের ব্যবস্থা সংযোজন করতে হবে। তাছাড়া গ্রাহককে নিজ খরচে যাতায়াতের সুবিধাসহ দৃশ্যমান স্থানে ওজোপাডিকো'র নকশা ও পরিদর্শন শাখার ডিজাইন অনুযায়ী মিটার ঘর বিনা ভাড়ায় প্রদান করতে হবে এবং যে কোনো সময় মিটারিং ইউনিটে ওজোপাডিকো কর্তৃপক্ষের প্রবেশের সুবিধা থাকতে হবে।

৫. সকল ধরনের স্থাপিত মিটারিং সিস্টেম/ইউনিট গ্রাহক কর্তৃক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। যথাযথভাবে সংরক্ষণ করা না হলে সংশ্লিষ্ট দপ্তর মিটারিং সিস্টেম/ইউনিট অপসারণ, পরীক্ষা ও পুনঃস্থাপন করবে এবং উক্ত কারণে ব্যয়িত অর্থ গ্রাহকের নিকট হতে আদায়যোগ্য হবে।

৬. সংশ্লিষ্ট সার্কেল প্রধান (তত্ত্বাবধায়ক প্রকৌশলী), নির্বাহী প্রকৌশলী (বিবিবি) এবং নির্বাহী প্রকৌশলী (এনার্জি অডিট)-এর উপস্থিতিতে কারিগরি কমিশন মিটার স্থাপন ও সিলিং করবে এবং প্রত্যেকের স্বাক্ষরে মিটার স্থাপনের প্রতিবেদন প্রস্তুত করে একটি কপি বিলিংয়ের জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করবে।

৭. একই আবাসিক ভবন, বাণিজ্যিক ভবন, শিল্প-কারখানা বা আঙিনায় কোনো গ্রাহককে একটির বেশি মধ্যমচাপ (MT) বা উচ্চচাপ (HT) বিদ্যুৎ সংযোগ অথবা সার্ভিস ড্রপ প্রদান করা যাবে না।

৮. ট্রান্সফরমারের নিম্নচাপ প্রান্তে মিটারিং করা হলে ট্রান্সফরমারের কারিগরি ক্ষতি (Technical Loss) বিবেচনায় গড় হিসেবে মোট রেকর্ডকৃত ইউনিটের উপর অতিরিক্ত ২.৫% যোগ করে বিল প্রস্তুত করতে হবে।

৯. ওজোপাডিকো'র ভান্ডারে সিটি/পিটি না থাকলে এবং গ্রাহক কর্তৃক সিটি/পিটি সরবরাহ করা হলে, সেক্ষেত্রে ওজোপাডিকো কর্তৃক অনুমোদিত সিটি/পিটির GTP অনুযায়ী সরবরাহ করতে হবে এবং প্রয়োজনীয় সুপারভিশন চার্জ প্রদান সাপেক্ষে ওজোপাডিকো কর্তৃপক্ষের মাধ্যমে টেস্টিং সম্পন্ন করতে হবে। টেস্টিংয়ের ফলাফল সন্তোষজনক হলে সিটি ও পিটি গ্রাহকের স্থাপনায় স্থাপন করা যাবে।

১০. নেট মিটারিংয়ের মাধ্যমে মিটার সংযোগ স্থাপন করার সময় আবশ্যিকভাবে ওজোপাডিকো'র নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা সেলের নির্বাহী প্রকৌশলীর উপস্থিতিতে মিটারিং সম্পন্ন করতে হবে।

২.১.৯ মিটার সিল করা

ক) সিল ব্যতীত কোনো মিটার স্থাপন করা যাবে না। সকল দপ্তর প্রধান যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় সিলের চাহিদা তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন এবং তিনি যাচাই-বাছাই সাপেক্ষে সিল বরাদ্দ প্রদান করবেন।

খ) নিম্নোক্ত ছক মোতাবেক সিলিং কার্যক্রম পরিচালনা করতে হবে:

ক্র. নং	মিটারের ধরন	গ্রাহকের ধরন	সিলিংকারী কর্মকর্তা	মন্তব্য
১	১-ফেজ	২৩০ ভোল্ট গ্রাহক	উপ-সহকারী প্রকৌশলী/দপ্তর প্রধান কর্তৃক নিযুক্ত কর্মকর্তা	সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সিলিং ফরম্যাট পরীক্ষা পূর্বক প্রতিস্বাক্ষর করবেন। (বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/সরকার/ওজোপাডিকো কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক)
২	৩-ফেজ	৪০০ ভোল্ট গ্রাহক	ফিডার ইনচার্জ (উপ-বিভাগীয়/সহকারী প্রকৌশলী)	সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সিলিং ফরম্যাট পরীক্ষা পূর্বক প্রতিস্বাক্ষর করবেন। (বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/সরকার/ওজোপাডিকো কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক)
৩	৩-ফেজ	১১,০০০ ভোল্ট গ্রাহক	ফিডার ইনচার্জ (উপ-বিভাগীয়/সহকারী প্রকৌশলী) এবং সংশ্লিষ্ট এনার্জি অডিট ইউনিটের নির্বাহী প্রকৌশলী অথবা তাঁর প্রতিনিধি	সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী সিলিং ফরম্যাট পরীক্ষা পূর্বক প্রতিস্বাক্ষর করবেন। (বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/সরকার/ওজোপাডিকো কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক)

ক্র. নং	মিটারের ধরন	গ্রাহকের ধরন	সিলিংকারী কর্মকর্তা	মন্তব্য
৪	৩-ফেজ	৩৩,০০০ ভোল্ট গ্রাহক (ইউটিলিটি মিটার)	নির্বাহী প্রকৌশলী এবং সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, এনার্জি অডিট ইউনিট	সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনার্জি অডিট সেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাণিজ্যিক পরিচালন) সিলিং ফরম্যাট পরীক্ষা পূর্বক প্রতিস্বাক্ষর করবেন। (বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/সরকার/ওজোপাডিকো কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক)
৫	৩-ফেজ	১,৩২,০০০ ভোল্ট ও তদূর্ধ্ব গ্রাহক	বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/সরকার/ওজোপাডিকো কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক	সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী, এনার্জি অডিট সেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাণিজ্যিক পরিচালন) সিলিং ফরম্যাট পরীক্ষা পূর্বক প্রতিস্বাক্ষর করবেন।

গ) ২৩০/৪০০ ভোল্ট গ্রাহক এবং ১১,০০০ ভোল্ট ও তদূর্ধ্ব গ্রাহকদের জন্য (**পরিশিষ্ট-৭(ক), (খ)**) মোতাবেক সিলিং ফরম্যাট ব্যবহার করতে হবে।

ঘ) ওজোপাডিকো কর্তৃক অনুমোদিত কর্মকর্তা (এলটি গ্রাহকের ক্ষেত্রে দপ্তর প্রধান, ১১ কেভি/৩৩ কেভি গ্রাহকের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী এবং ১৩২ কেভি ও তদূর্ধ্ব গ্রাহকের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/সরকার/ওজোপাডিকো কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক) ব্যতীত কেউ সিল ভাঙতে পারবেন না। সিল সংরক্ষণের বিষয়ে গ্রাহককে নির্দেশনা প্রদান করতে হবে।

ঙ) ১-ফেজ/২৩০ ভোল্ট গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, ৩-ফেজ/৪০০ ভোল্ট গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং ১১ কেভি বা তদূর্ধ্ব গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী (ও অ্যান্ড এম)-এর অনুমোদনক্রমে সিল কর্তন করা যাবে। তবে ১১ কেভি বা তদূর্ধ্ব গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট এনার্জি অডিট দপ্তরের ন্যূনতম নির্বাহী প্রকৌশলীর উপস্থিতিতে সিল কর্তন ও পুনঃসিলকরণ নিশ্চিত করতে হবে। সিলের কোনো ক্ষতি যেন না হয় সে বিষয়ে গ্রাহক সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করবেন।

চ) ওজোপাডিকোর নির্দেশনা মোতাবেক গ্রাহকের নিকট হতে সিলের মূল্য গ্রহণ করতে হবে। তবে ওজোপাডিকোর স্বার্থে সিল কর্তনের প্রয়োজন হলে সিলের মূল্য গ্রহণ করতে হবে না।

ছ) সিলিং রিপোর্ট সংশ্লিষ্ট দপ্তর ও এনার্জি অডিট সেলে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

জ) এনার্জি অডিট সেলের দপ্তর প্রধান (প্রধান প্রকৌশলী, ESCS)-এর অনুমোদনক্রমে প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে যে কোনো ভোল্টেজের সংযোগের সিল কর্তন করা যাবে। তবে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী (ও অ্যান্ড এম)-কে অবহিত করতে হবে।

২.১.১০ অস্থায়ী সংযোগ প্রদানের সাধারণ নিয়মাবলি

নতুন সংযোগের জন্য প্রযোজ্য সকল নিয়মাবলি ও পদ্ধতি এ ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে—

ক) লাইন নির্মাণের প্রয়োজন হলে (সরকারি/ব্যক্তিগত সড়ক বরাবর বা ব্যক্তিগত মালিকানাধীন জায়গায়) গ্রাহককে জমাভিত্তিক কাজ হিসেবে লাইন নির্মাণ করতে হবে।

খ) অস্থায়ী সংযোগ অবশ্যই প্রি-পেইড মিটারের মাধ্যমে নিতে হবে। প্রি-পেইড মিটার স্থাপন করা হলে কোনো জামানত প্রদান করতে হবে না। প্রি-পেইড মিটার না পাওয়া সাপেক্ষে পোস্ট-পেইড মিটার স্থাপন করা হলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত হারে জামানত প্রদান করতে হবে।

গ) যদি বিভাগীয় ভান্ডার হতে প্রি-পেইড/পোস্ট-পেইড মিটার সরবরাহ করা হয়, সেক্ষেত্রে মিটারের মূল্য পে-অর্ডারের মাধ্যমে জমা নিতে হবে। গ্রাহক সংযোগ বিচ্ছিন্ন করলে এবং মিটারের কার্যকারিতা ঠিক থাকলে পে-অর্ডারটি গ্রাহককে ফেরত প্রদান করতে হবে। অন্যথায় মিটারটি নষ্ট হলে বা মিটারের যান্ত্রিক ত্রুটি হলে পে-অর্ডারটি মিটারের মূল্য বাবদ ওজোপাডিকোর হিসাবে জমা করতে হবে।

ঘ) সাধারণভাবে সর্বোচ্চ ০৩ (তিন) মাসের জন্য অস্থায়ী সংযোগ বিবেচনা করা হবে। তবে গ্রাহকের আবেদনের পরিপ্রেক্ষিতে লোড অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদনক্রমে বিদ্যুৎ ব্যবহারের সময়সীমা বৃদ্ধি করা যেতে পারে।

ঙ) মেলা ও অন্যান্য সামাজিক অনুষ্ঠানের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে।

চ) অস্থায়ী নতুন বিদ্যুৎ সংযোগের লোড অনুমোদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত ছক অনুযায়ী ক্ষমতা প্রয়োগ করতে হবে:

অস্থায়ী বিদ্যুৎ সংযোগের লোড অনুমোদন ছক

ক্র. নং	গ্রাহকের শ্রেণি	লোডের পরিমাণ (কিলোওয়াট)	অনুমোদনকারী	ফেজ সংখ্যা	মন্তব্য
১	২৩০ ভোল্ট	৭.৫ পর্যন্ত	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	১	
২	৪০০ ভোল্ট	৮০ পর্যন্ত	প্রধান প্রকৌশলী (ও অ্যান্ড এম)	৩	
৩	১১,০০০ ভোল্ট	৫০ উর্ধ্ব	প্রধান প্রকৌশলী (ও অ্যান্ড এম)	৩	

২.১.১১ | সেনসাস

উপর্যুক্ত সমস্ত প্রক্রিয়া সম্পাদন শেষে গ্রাহককে সেনসাসের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) প্রি-পেইড মিটারের ক্ষেত্রে:

১. অনলাইনে প্রাপ্ত আবেদন যথাযথ প্রক্রিয়া শেষে লোড অনুমোদন করতে হবে।
২. প্রাপ্ত গ্রাহক তথ্য প্রি-পেইড মিটার সার্ভারে আপলোড করতে হবে।
৩. Meter Customization-এর মাধ্যমে প্রি-পেইড মিটার সার্ভারে গ্রাহক তথ্যের সাথে মিটার সংযুক্ত করতে হবে।
৪. সংযোগ প্রদানের পূর্বে গ্রাহকের মিটারের অবস্থানের অক্ষাংশ ও দ্রাঘিমাংশ অনলাইনে/নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।
৫. ভবিষ্যতের জন্য প্রাপ্ত গ্রাহক তথ্য ও মিটারের তথ্য পোস্ট-পেইড ও নিউ কানেকশন সার্ভারে আপলোড করার জন্য সেনসাস ফরম **(পরিশিষ্ট-৮,৯)** পূরণপূর্বক বিলিংয়ের জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।
৬. অনলাইন আবেদনে সৃষ্ট ট্র্যাকিং নম্বর অবশ্যই Pre-payment System-এ আপলোড করতে হবে।
৭. Pre-payment সিস্টেমে যেহেতু স্বয়ংক্রিয়ভাবে গ্রাহক নাম্বার তৈরী হয় না, এজন্য ম্যানুয়ালি গ্রাহক নাম্বার তৈরীর ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।
    - গ্রাহক নম্বর হবে ৯ (নয়) ডিজিটের।
    - প্রথম ৩ (তিন) ডিজিট হবে ডিভিশন কোড।

- পরবর্তী ২ (দুই) ডিজিট হবে ফিডার কোড।
- অবশিষ্ট ৪ (চার) ডিজিট হবে বই ও পাতার ক্রমিক নম্বর।

৮. প্রি-পেইড সার্ভারে অনুমোদন প্রক্রিয়া সংযুক্ত করতে হবে।

৯. সকল প্রিপেইড মিটার অনলাইন (DCU) এ থাকতে হবে।

খ) পোস্ট-পেইড মিটারের ক্ষেত্রে:

১. অনলাইন/অফলাইনে প্রাপ্ত আবেদন যথাযথ প্রক্রিয়া শেষে লোড অনুমোদন করতে হবে।
২. অনলাইন আবেদনে সৃষ্ট ট্র্যাকিং নম্বর অবশ্যই Post-payment Billing System-এ আপলোড করতে হবে।
৩. দপ্তরের বিলিং সেকশন হতে নতুন গ্রাহক নম্বর প্রদান করতে হবে।
৪. প্রাপ্ত গ্রাহক তথ্য ও মিটারের তথ্য পোস্ট-পেইড ও নিউ কানেকশন সার্ভারে আপলোড করার জন্য সেনসাস ফরম (পরিশিষ্ট-৮,৯) পূরণপূর্বক বিলিংয়ের জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।

গ) প্রি-পেমেন্ট ও পোস্ট-পেমেন্ট এর মিটার সমূহের সেনসাস ফরম আইসিটি, প্রি-পেমেন্ট ও সংশ্লিষ্ট দপ্তর সংরক্ষণ করবে।

২.২ | পুরাতন বিদ্যুৎ সংযোগ ব্যবস্থাপনা

২.২.১ | ট্যারিফ পরিবর্তনের নিয়মাবলি

ক) গ্রাহক তার অবস্থা বা ব্যবহার ধরন পরিবর্তনের অভিপ্রায় জানিয়ে ট্যারিফ পরিবর্তনের আবেদন করতে পারবেন। ২৩০/৪০০ ভোল্ট গ্রাহকগণ তাদের নতুন সংযোগের সময় প্রাপ্ত ট্র্যাকিং নম্বর বা গ্রাহক নম্বর ব্যবহার করে অনলাইনে এবং ১১,০০০ ভোল্ট ও তদূর্ধ্ব ভোল্ট গ্রাহকগণ (পরিশিষ্ট-১০) মোতাবেক আবেদন করবেন।

খ) ফিডার সুপারভাইজার কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে বিদ্যুৎ ব্যবহারের প্রকৃতি বিষয়ক প্রতিবেদনের প্রেক্ষিতে লোড অনুমোদনকারী কর্মকর্তা ট্যারিফ পরিবর্তনের অনুমোদন প্রদান করবেন।

গ) ট্যারিফ পরিবর্তনের পূর্বেকার সকল বকেয়া পরিশোধ থাকতে হবে। প্রাসঙ্গিক কোনো কাজ সম্পাদনের প্রয়োজন হলে গ্রাহক তা সম্পাদন করবেন এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত হালনাগাদ হারে সরবরাহ চুক্তি সংশোধন ফি, গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙিনায় মিটার পরিদর্শন ফি এবং পোস্টপেইড মিটার হলে নিরাপত্তা জামানত ফি প্রদান/সমন্বয় করতে হবে।

ঘ) ট্যারিফ পরিবর্তন আদেশের একটি কপি পরিশিষ্ট-১১/১২ পূরণপূর্বক আইসিটি/ প্রিপেইড দপ্তরে সংশ্লিষ্ট দপ্ত হতে প্রেরণ করতে হবে।

২.২.২ | লোড পরিবর্তনের নিয়মাবলি

ক) গ্রাহকের আবেদনের ভিত্তিতে লোড পরিবর্তনের ব্যবস্থা নেওয়া যাবে। এক্ষেত্রে ট্রান্সফরমার ও লাইনের ওভার লোডিং না হওয়া সাপেক্ষে ট্যারিফ ধাপের ভিত্তিতে বিধি বিধান অনুসরণ করে অতিরিক্ত লোড অনুমোদন করা যাবে। অতিরিক্ত লোড ব্যবহারের প্রয়োজনে অতিরিক্ত মালামাল ও মজুরি গ্রাহক কর্তৃক পরিশোধযোগ্য। এক্ষেত্রে লোড অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে।

খ) একই ভাবে গ্রাহকের আবেদনের ভিত্তিতে লোড সারেন্ডার করার ব্যবস্থা নেওয়া যাবে। উল্লেখ্য যে, কোনো গ্রাহক একবার লোড সারেন্ডার করলে পরবর্তীতে একই গ্রাহকের লোড বৃদ্ধিতে তার অধিকার প্রতিষ্ঠিত থাকবে না। সেক্ষেত্রে শুধুমাত্র লোড প্রাপ্তি সাপেক্ষে তার ২য় দফা লোড বৃদ্ধি বিবেচনা করা যাবে। জমাকৃত জামানত সমন্বয় করতে হবে। এক্ষেত্রে মূল অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে।

গ) সরেজমিনে পরীক্ষার মাধ্যমে অতিরিক্ত লোডের অস্তিত্ব পাওয়া গেলে লোড পরিবর্তনের ব্যবস্থা নিতে হবে। গ্রাহকের মিটারিং সিস্টেম ঠিক পাওয়া গেলে অপ্রকাশিত লোডের ক্ষেত্রে অতিরিক্ত লোড ব্যবহারের সময়কাল নির্ধারণ করতে হবে। সঠিক ভাবে সময় নির্ধারণ করা না গেলে সর্বোচ্চ ০৩ মাস ধরা যাবে। অতিরিক্ত লোডের জন্য উক্ত সময়ে ০২ (দুই) গুণ হারে মাসিক অতিরিক্ত ডিমান্ড চার্জ আরোপ করতে হবে। পরবর্তীতে লোডের নির্দিষ্ট ধাপে বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে অনুমোদনের ব্যবস্থা নিতে হবে।

ঘ) লোড পরিবর্তনের ক্ষেত্রে হালনাগাদ হারে সম্পূর্ণ জামানত সমন্বয় করতে হবে।

২.২.৩ | মিটারিং ইউনিট পরিবর্তনের নিয়মাবলি

ক) গ্রাহক কর্তৃক কোনো মিটারিং ইউনিট (মিটার, সিটি, পিটি)-এর কার্যকারিতায় সন্দেহের উদ্রেক হলে বা মিটারিং ইউনিট নষ্ট হলে সংশ্লিষ্ট দপ্তরে গ্রাহকের আবেদন গ্রহণ করা হবে। আবেদনের (পরিশিষ্ট-১০) প্রেক্ষিতে একজন গ্রাহক প্রতিনিধির উপস্থিতিতে মিটারিং ইউনিট পরীক্ষা করা হবে। একইভাবে সংশ্লিষ্ট দপ্তর/ইএসইউ কর্তৃপক্ষের সন্দেহ হলে তা দপ্তর প্রধানের দৃষ্টিগোচর করতে হবে এবং গ্রাহক প্রতিনিধির উপস্থিতিতে পরীক্ষা করতে হবে। পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) সিঙ্গেল ফেজ/থ্রি-ফেজ এলটি গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর অনুমতিক্রমে ফিডার ইনচার্জ/ফিডার সুপারভাইজার/নির্ধারিত কমিশন মিটার পরীক্ষা করবে। পরীক্ষার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর অপারগ হলে এনার্জি অডিটি সেলের সহায়তা গ্রহণ করবে। সকল এমটি/এইচটি গ্রাহকের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী কর্তৃক ০৩ সদস্যের একটি কমিশন গঠন করতে হবে। সংশ্লিষ্ট এনার্জি অডিটি সেলের প্রতিনিধি, ইএসইউ/সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধি এবং একজন বাণিজ্যিক পরিচালন দপ্তরের প্রতিনিধির সমন্বয়ে কমিশন গঠন করা যাবে। কমিশনর রিপোর্টের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। মিটারিং ইউনিটের ত্রুটির ধরন, প্রকৃত রিডিং উদ্ধার, ত্রুটির কারণ (ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত), দায়-দায়িত্ব নির্ধারণ ইত্যাদি রিপোর্টে উল্লেখ থাকতে হবে। সাধারণত মিটার মেরামতের উদ্যোগ নেওয়া হবে না।

গ) যান্ত্রিক ত্রুটি অথবা প্রাকৃতিক কারণে মিটারিং ইউনিট নষ্ট হলে এককালীন মূল্য পরিশোধ সাপেক্ষে ওজোপাডিকোর নিকট হতে ক্রয়কৃত মিটারিং ইউনিটের ওয়ারেন্টিকালীন গ্রাহককে বিনামূল্যে মিটারিং ইউনিট সরবরাহ করা হবে। মাসিক ভাড়ার বিনিময়ে ওজোপাডিকোর নিকট হতে গ্রাহকের সংগৃহীত মিটারিং ইউনিটের ক্ষেত্রে ওজোপাডিকো তা বিনামূল্যে সরবরাহ করবে। গ্রাহক কর্তৃক খোলা বাজারে ক্রয়কৃত মিটার যান্ত্রিক ত্রুটি অথবা প্রাকৃতিক কারণে নষ্ট হলে গ্রাহক পুনরায় খোলা বাজার হতে মিটার সংগ্রহ করতে পারবে অথবা ভান্ডারে থাকা সাপেক্ষে ওজোপাডিকোর নিকট হতে এককালীন মূল্য পরিশোধ সাপেক্ষে/মাসিক ভাড়ার বিনিময়ে সংগ্রহ করতে পারবে।

ঘ) এলটি (২৩০ ভোল্ট/৪০০ ভোল্ট) গ্রাহকের ক্ষেত্রে নষ্ট পোস্ট-পেইড/প্রি-পেইড মিটার আবশ্যিকভাবে প্রি-পেইড মিটার দ্বারা প্রতিস্থাপন করতে হবে। পোস্ট-পেইড মিটার পরিবর্তন করে প্রি-পেইড মিটার স্থাপন করার পর পোস্ট-পেইড মিটারের বিল বন্ধ করতে হবে এবং পোস্ট-পেইড মিটারের বকেয়া থাকলে তা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রি-পেইড/পোস্ট-পেইড মিটার পরিবর্তনের সময় প্রি-পেইড মিটার স্থাপনকালে পূর্ববর্তী মিটারের সর্বশেষ রিডিং-এর সচিত্র তথ্য অনলাইনে সংরক্ষণ করতে হবে। প্রি-পেইড মিটারের অবশিষ্ট ব্যালেন্স অন্য মিটারে ট্রান্সফারের ব্যবস্থা করতে হবে।

ঙ) গ্রাহকের বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিতভাবে মিটারিং ইউনিট নষ্ট/যান্ত্রিক ত্রুটি (Tampering) এবং অন্যান্য অপরাধের জন্য বিদ্যুৎ আইন, ২০১৮ ও বিদ্যুৎ বিধি, ২০২০ এবং এ সম্পর্কিত সরকারের অন্যান্য নির্দেশনা মোতাবেক প্রযোজ্য ধারা/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চ) সাধারণভাবে ১০ বছরের বেশি পুরাতন মিটারিং ইউনিট পরীক্ষার ব্যবস্থা নিতে হবে এবং এমটি/এইচটি মিটারিং ইউনিটের ক্ষেত্রে সংশ্লিষ্ট এনার্জি অডিট কর্তৃক প্রতি বছর সকল মিটারিং ইউনিট ক্যালিব্রেট/পরীক্ষা করতে হবে। পরীক্ষাকালে পারফরম্যান্স গ্রহণযোগ্য না প্রতীয়মান হলে মিটারিং ইউনিট পরিবর্তন করতে হবে।

ছ) লোড অনুমোদনকারী কর্মকর্তা মিটারিং ইউনিট পরিবর্তনের অনুমোদন প্রদান করবেন।

জ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত হালনাগাদ হারে মিটার পরিবর্তন সার্ভিস ফি, গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙিনায় মিটার পরিদর্শন ফি এবং পোস্টপেইড মিটার হলে নিরাপত্তা জামানত ফি প্রদান/সমন্বয় করতে হবে।

ঝ) গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা করা যাবে, তবে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত হালনাগাদ হারে মিটার পরীক্ষা/পরিবর্তন সার্ভিস ফি, গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙিনায় মিটার পরিদর্শন ফি এবং টিটি সিলের মূল্য প্রদান করতে হবে।

২.২.৪ | সার্ভিস তার পরিবর্তন

গ্রাহক নিজ উদ্যোগে অথবা ওজোপাডিকোর কর্মকর্তার নোটিশের প্রেক্ষিতে সার্ভিস তার পরিবর্তন করতে পারবেন। এ ক্ষেত্রে নির্ধারিত ফরমে আবেদন (পরিশিষ্ট-১০) করতে হবে। সার্ভিস তার পরিবর্তনের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত হালনাগাদ হারে সার্ভিস তার পরিবর্তন ফি, গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙিনায় মিটার পরিদর্শন ফি এবং টিটি সিলের মূল্য প্রদান করতে হবে।

২.২.৫ | নাম পরিবর্তন

সংশ্লিষ্ট গ্রাহক শ্রেণির আবেদনের প্রেক্ষিতে (পরিশিষ্ট-১০) লোড অনুমোদনকারী কর্মকর্তা গ্রাহকের নাম পরিবর্তনের অনুমোদন প্রদান করবেন। এক্ষেত্রে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে—

ক) জমির মালিকানা দলিল/ওয়ারিশ সনদপত্র।

খ) জমির খতিয়ান।

গ) হালনাগাদ জমির খাজনা রশিদ। সিটি করপোরেশন/পৌর এলাকায় হলে সেটার হালনাগাদ খাজনা রশিদ।

ঘ) বর্তমান মালিকের ছবি ও জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

ঙ) জমির দাগ, চৌহদ্দি ও খতিয়ান নম্বর উল্লেখপূর্বক পূর্ববর্তী মালিকের নাম পরিবর্তন বিষয়ে নাদাবিনামা, যা বর্তমান মালিক কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং নোটারি পাবলিক কর্তৃক প্রত্যায়িত হতে হবে।

চ) প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, বিনিয়োগ বোর্ডে অন্তর্ভুক্তির দলিল, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র, প্রধান বৈদ্যুতিক পরিদর্শকের সার্টিফিকেট ইত্যাদি।

ছ) হালনাগাদ হারে জামানত আদায় করতে হবে এবং বকেয়া বিল থাকলে তা আদায় করতে হবে।

জ) সর্বশেষ পরিশোধিত বিদ্যুৎ বিল/ভেন্ডিং রশিদের ফটোকপি, সরবরাহ চুক্তি সংশোধন ফি এবং গ্রাহকের অনুরোধে মিটার পরিদর্শন ফি আদায় করতে হবে।

ঝ) নাম পরিবর্তন কার্যকর করার লক্ষ্যে প্রি-পেইড সিস্টেমে তথ্যাদি আপলোড করতে হবে। পোস্ট-পেইড মিটারের ক্ষেত্রে Master Amendment Form **(পরিশিষ্ট-১৫)** পূরণ করে সংশ্লিষ্ট দপ্তরের বিলিং সেকশনে প্রেরণ করতে হবে।

২.২.৬ | মিটার / মিটারিং ইউনিট স্থানান্তর

গ্রাহক মিটার/মিটারিং ইউনিট স্থানান্তরের জন্য দপ্তরের নির্ধারিত ফরমে আবেদন **(পরিশিষ্ট-১০)** করবেন এবং নিম্নলিখিত কাগজপত্র আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করবেন।

ক) লিখিত আবেদনসহ হালনাগাদ পরিশোধিত বিলের কপি/ভেন্ডিং রশিদের ফটোকপি।

খ) মিটার স্থানান্তরের ক্ষেত্রে জমি ও স্থাপনার মালিকানা এবং গ্রাহকের নাম একই হতে হবে এবং একই বিক্রয় ও বিতরণ বিভাগ/বিদ্যুৎ সরবরাহ এলাকার অধীন হতে হবে। একই ফিডারের অধীন হতে হবে; অন্য ফিডারের ক্ষেত্রে

সংশ্লিষ্ট ফিডারের লোড সংকুলান থাকতে হবে। গ্রাহকের একাধিক সংযোগ থাকলে সেই সংযোগের বিপরীতে বকেয়া পরিশোধিত থাকতে হবে। এক্ষেত্রে লোড অনুমোদনকারী কর্মকর্তা মিটার স্থানান্তরের বিষয়ে অনুমোদন প্রদান করবেন।

গ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত আনুষঙ্গিক ফি প্রদান করতে হবে।

২.২.৭ | বিদ্যুৎ সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্নকরণ

ক) কোনো গ্রাহক কোনো কারণে সাময়িক সময়ের জন্য বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে ইচ্ছুক হলে, তিনি উক্ত বিষয়টি অনূন্য ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে ওজোপাডিকোকে লিখিতভাবে অবহিত করবেন।

খ) কোনো গ্রাহকের বিদ্যুৎ সংযোগ বন্ধ করা হলে তিনি বিদ্যুতের মূল্য ব্যতীত অন্যান্য চার্জ প্রদান করবেন।

গ) সমুদয় বিদ্যুৎ বিল ও প্রযোজ্য চার্জ পরিশোধ করা হলে গ্রাহকের সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করা হবে এবং প্রি-পেমেন্ট সিস্টেম বা পোস্ট-পেমেন্ট বিলিং সিস্টেমে আপলোড করতে হবে।

ঘ) এলটি-বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) শ্রেণির গ্রাহক সেচ মৌসুম শেষে এবং এলটি-সি-১ (ক্ষুদ্র শিল্প) শ্রেণিভুক্ত কৃষিভিত্তিক মৌসুমি ক্ষুদ্র শিল্প গ্রাহক মৌসুম শেষে, অথবা অন্য কোনো কারণে (গ্রাহকের ইচ্ছা অনুযায়ী) প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ চার্জ পরিশোধ সাপেক্ষে সংযোগ বিচ্ছিন্ন করতে পারবেন। গ্রাহকের পরবর্তী সংযোগ গ্রহণের ক্ষেত্রে পুনঃসংযোগ চার্জ প্রযোজ্য হবে। তবে সংযোগ বিচ্ছিন্নকালীন ডিমান্ড চার্জ বা অন্য কোনো চার্জ প্রযোজ্য হবে না।

২.২.৮ | বিদ্যুৎ সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্নকরণ (পরিশিষ্ট-১০)

ক) সংযোগ বিচ্ছিন্নকরণের জন্য গ্রাহক তার অভিপ্রায় জানিয়ে দপ্তরে আবেদন করবেন।

খ) আবেদনের প্রেক্ষিতে দপ্তর প্রধান এক/একাধিক কর্মকর্তাকে মাঠ জরিপ করার জন্য দায়িত্ব প্রদান করবেন।

গ) মাঠ জরিপ করে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রতিবেদন প্রদান করা হলে এবং যথাযথ কারণ থাকলে লোড অনুমোদনকারী কর্মকর্তা সংযোগ রহিতকরণের অনুমোদন প্রদান করবেন।

ঘ) এক্ষেত্রে সমুদয় বকেয়া পরিশোধ করতে হবে।

ঙ) অনুমোদনের প্রেক্ষিতে সংযোগ বিচ্ছিন্নকরণ, সার্ভিস ড্রপ উদ্ধার, প্রযোজ্য ক্ষেত্রে সিটি/পিটি, মিটার উদ্ধার শেষে সংযোগের পরিসমাপ্তি ঘটানো হবে। কোনো গ্রাহক সংযোগ সারেন্ডার করলে গ্রাহক কর্তৃক ক্রয়কৃত মিটার, সিটি ও পিটি প্রয়োজনীয় কাস্টমাইজেশন করে গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে ফেরত দেওয়া যেতে পারে।

চ) সংযোগ রহিতকরণ কার্যকর করার লক্ষ্যে প্রি-পেমেন্ট সিস্টেমে তথ্যাদি আপলোড করতে হবে। পোস্ট-পেমেন্ট মিটারের ক্ষেত্রে নির্ধারিত ফরম **(পরিশিষ্ট-১৬)** পূরণ করে সংশ্লিষ্ট দপ্তরের বিলিং সেকশনে প্রেরণ করতে হবে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত হালনাগাদ হারে অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ ফি এবং গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙিনায় মিটার পরিদর্শন ফি পরিশোধ করতে হবে।

২.২.৯ | বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ

নিম্নবর্ণিত কারণে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা যাবে:

ক) কোনো গ্রাহক বৈদ্যুতিক মিটার যথাযথভাবে সংরক্ষণ না করলে।

খ) গ্রাহক নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ বিল বা চার্জ পরিশোধে ব্যর্থ হলে।

গ) কোনো গ্রাহক সংযোগের জন্য নির্ধারিত জামানত প্রদান না করলে, অপর্যাপ্ত জামানত প্রদান করলে অথবা গ্রাহক পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত গ্রাহক জামানত প্রদানে ব্যর্থ হলে।

ঘ) কোনো গ্রাহক অন্য কোনো গ্রাহককে বৈদ্যুতিক সংযোগ প্রদান করলে অথবা সরবরাহকৃত বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে বাধার সৃষ্টি করলে।

ঙ) ব্যবহৃত বৈদ্যুতিক তার, ফিটিংস, পূর্তকর্ম এবং যন্ত্রপাতি ভালো অবস্থায় না থাকার কারণে বৈদ্যুতিক ব্যবস্থার ক্ষতি সাধিত হলে।

চ) কোনো গ্রাহক ওজোপাডিকোকে অবহিত না করে ব্যবহৃত বৈদ্যুতিক তার, ফিটিংস, পূর্তকর্ম বা যন্ত্রপাতি সংযোজন বা পরিবর্তন করলে।

ছ) কোনো গ্রাহক এমনভাবে বিদ্যুৎ ব্যবহার করলে যাতে ওজোপাডিকোর বিদ্যুৎ লাইন বা পূর্তকর্মের ক্ষতি সাধিত হয় অথবা নিরাপত্তা বিঘ্নিত হয়।

জ) গ্রাহক অনুমোদিত ট্যারিফ ক্যাটাগরির লোড ব্যতীত ভিন্ন ট্যারিফ ক্যাটাগরির লোডে সংযোগ স্থাপন করলে। যেমন- সেচ সংযোগ দ্বারা বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা অথবা আবাসিক সংযোগে ব্যাটারি চার্জিং স্টেশন পরিচালনা করা।

ঝ) গ্রাহক কর্তৃক মিটারে অবৈধ হস্তক্ষেপ (Tampering), অর্থাৎ মিটারিং ইউনিটের সিল, কভার, বেসপ্লেট, কেসিং ইত্যাদি খোলা বা নষ্ট করার আলামত পাওয়া গেলে।

ঞ) কোনো গ্রাহক কর্তৃক মিটারিং ইউনিটের ইনডেক্স পরিবর্তনের আলামত পাওয়া গেলে।

ট) কোনো গ্রাহক কর্তৃক অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার প্রমাণিত হলে।

ঠ) কোনো গ্রাহক ৫০ (পঞ্চাশ) কি.ও. বা তদূর্ধ্ব ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক স্থাপনা পরিদর্শন ও পরীক্ষণের জন্য বিদ্যুৎ বিধিমালা-২০২০ এর তফসিল-১ এ উল্লেখিত ফি পরিশোধে ব্যর্থ হলে অথবা প্রধান বৈদ্যুতিক পরিদর্শক সংযোগ বিচ্ছিন্নের লিখিত অনুরোধ করলে।

ড) বিদ্যুৎ আইন, ২০১৮ এবং বিদ্যুৎ বিধি, ২০২০ ও এ-সংক্রান্ত সরকারের অন্যান্য নির্দেশনায় উল্লেখিত অপরাধ সংঘটিত হলে।

২.২.১০ | বিদ্যুৎ পুনঃসংযোগ

ক) গ্রাহক আবেদন এর প্রেক্ষিতে **(পরিশিষ্ট-১০)** সংযোগ বিচ্ছিন্নের কারণ নিরসন করলে এবং গ্রাহক কর্তৃক সকল বকেয়া বিদ্যুৎ বিল, জরিমানা, পরিপূরক বিল (যদি থাকে) এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত সংযোগ বিচ্ছিন্নকরণ ফি ও পুনঃসংযোগ ফি পরিশোধ করা হলে গ্রাহকের সংযোগ অনতিবিলম্বে পুনঃস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিদ্যুৎ সংযোগ সাময়িকভাবে রহিতকৃত গ্রাহকের নিকট হতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত হালনাগাদ হারে পুনঃসংযোগ ফি, গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙিনায় মিটার পরিদর্শন ফি, ডিমান্ড চার্জ এবং প্রযোজ্য ক্ষেত্রে মিটার ভাড়া ফি গ্রহণ করে অনতিবিলম্বে পুনঃস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অবশ্যই সার্ভিস তারসহ মিটারিং ইউনিট যথাযথ নিয়ম **(পরিশিষ্ট-১৭)** অনুসারে স্থাপন করতে হবে।

খ) স্থায়ীভাবে রহিতকৃত গ্রাহককে পুনঃসংযোগ প্রদান করতে হলে লোড অনুমোদনকারী কর্মকর্তার নিকট হতে পুনঃসংযোগের অনুমোদন গ্রহণ করতে হবে, ফিডারে লোড সংকুলান থাকা সাপেক্ষে। এক্ষেত্রে নতুন সংযোগ প্রদানের নিয়মাবলি প্রযোজ্য হবে।

২.২.১১। গ্রাহকের বিদ্যুৎ বিল সংশোধনের নিয়মাবলি

রিডিং নেওয়ার সময় অধিকতর সতর্কতার সাথে মিটার রিডিং নিতে হবে। কোনো কারণে বিল সংশোধনের প্রয়োজন হলে তা নিম্নোক্ত পদ্ধতিতে করা যেতে পারে: **(পরিশিষ্ট-১১,১২)**

ক) সিঙ্গেল ফেজ গ্রাহকের ক্ষেত্রে সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক লাইভ স্বাক্ষরে সংশোধন (মাল্টিপল কারেকশন ফর্মে, ইউনিট পরিবর্তন না করে) করা যাবে।

খ) সিঙ্গেল ফেজ গ্রাহকের ক্ষেত্রে ০৬ (ছয়) মাসের অধিক সময়ের বিদ্যুৎ বিল সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক এনার্জি ইফিসিয়েন্সি ইউনিট দপ্তরের নির্বাহী প্রকৌশলী অথবা তার একজন প্রতিনিধি সহ ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটির রিপোর্ট অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর প্রধান বিল সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

গ) থ্রি ফেজ এলটিআই গ্রাহকের (৩ মাসের অধিক হলে) বিদ্যুৎ বিল সংশোধনে সংশ্লিষ্ট উপধারা 'খ' প্রতিপালন সাপেক্ষে বিল সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কমিটির রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট লোড অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদনে বিল সংশোধনের ব্যবস্থা নিতে হবে।

ঘ) সকল এমটি/এইচটি গ্রাহকের বিদ্যুৎ বিল সংশোধনের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী কর্তৃক সংশ্লিষ্ট এনার্জি ইফিসিয়েন্সি দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট ইএসইউ/দপ্তরের নির্বাহী প্রকৌশলী এবং বাণিজ্যিক পরিচালন দপ্তরের নির্বাহী প্রকৌশলী সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। কমিটির রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট লোড অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদনে বিল সংশোধনের ব্যবস্থা নিতে হবে।

২.২.১২। অবৈধ সংযোগকারী গ্রাহকের বিল প্রস্তুতের নিয়ামাবলি

ক) কোনো গ্রাহক অবৈধ হস্তক্ষেপ করে মিটার বাইপাস/মিটার টেম্পারিং/সার্ভিস ড্রপে সংযোগ স্থাপন/বৈদ্যুতিক খুঁটিতে হুকিং বা অন্য যে কোনো উপায়ে বিদ্যুৎ অবৈধ করলে বা বিদ্যুৎ অবৈধ করেছে বলে প্রমাণিত হলে:

- তৎক্ষণাৎ সংযোগটি বিচ্ছিন্ন করতে হবে।
- মিটার ও সার্ভিস ড্রপ সংশ্লিষ্ট দপ্তরের ভান্ডারে জমা প্রদান করতে হবে।
- বিদ্যুৎ আইন ২০১৮ ও বিদ্যুৎ বিধিমালা ২০২০ এবং এ সম্পর্কিত সরকারের অন্যান্য নির্দেশ মোতাবেক প্রযোজ্য ধারা/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- নিম্নোক্ত হিসেবে বিদ্যুৎ আইন ২০১৮ এর ধারা ৪৮ মোতাবেক জরিমানা বিল প্রস্তুত করতে হবে।

১. অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের সঠিক তারিখ, দৈনিক ব্যবহারের সময় ও সংযুক্ত লোড জানা থাকলে:

- অবৈধভাবে ব্যবহৃত **ইউনিট নির্ধারণ (Kwh) :**
- অবৈধভাবে ব্যবহৃত (Kwh) নির্ধারণ (বাসা-বাড়ি /ক্ষুদ্র শিল্প/ নির্মান/ বাণিজ্যিক) = সংযুক্ত লোড(Kwh) × দৈনিক ব্যবহারের সময় × প্রকৃত ব্যবহার(নূন্যতম ৩মাস)
- অবৈধভাবে ব্যবহৃত **বিদ্যুতের মূল্য :**
- অবৈধভাবে ব্যবহৃত ইউনিট(Kwh) এর ০৩ (তিন) গুন× বার্ক ট্যারিফ অনুযায়ী মূল্যহার।
- জরিমানা বিল (টাকা) = অবৈধভাবে ব্যবহৃত বিদ্যুতের মূল্য (টাকা) + মিটারের মূল্য (প্রযোজ্য ক্ষেত্রে)
- সর্বমোট জরিমানা বিল (টাকা) = জরিমানা বিল (টাকা) + প্রযোজ্য ভ্যাট

* **অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের** নির্ধারণের সময় সংযোগের ধরন, অনুমোদিত/সংযুক্ত লোড, প্রকৃত ব্যবহার, প্রতিষ্ঠানের কার্যক্রমের সময় এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করে দৈনিক ব্যবহারের সময় নির্ধারণ করতে হবে। ২৪ ঘণ্টা চলমান সংযোগের ক্ষেত্রে কোনোভাবেই ০৬–১২ ঘণ্টার ব্যবহার সময় গ্রহণ না করে **২৪ ঘণ্টা** হিসেবে হিসাব করতে হবে।

২. অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের সঠিক তারিখ, দৈনিক ব্যবহারের সময় ও সংযুক্ত লোড জানা না থাকলে:

অবৈধভাবে ব্যবহৃত ইউনিট নির্ধারণ (Kwh) :

- অবৈধভাবে ব্যবহৃত ইউনিট (Kwh) নির্ধারণ (বাসা-বাড়ি /ক্ষুদ্র শিল্প/ নির্মান/ বাণিজ্যিক) = সংযুক্ত লোড(Kwh) × দৈনিক ব্যবহারের সময় (আনুমানিক ০৬ থেকে ১২ ঘণ্টা) × প্রকৃত ব্যবহার(নূন্যতম ৩মাস)

অবৈধভাবে ব্যবহৃত বিদ্যুতের মূল্য :

- অবৈধভাবে ব্যবহৃত ইউনিট(Kwh) এর ০৩ (তিন) গুণ× বার্ক ট্যারিফ অনুযায়ী মূল্যহার।
- জরিমানা বিল (টাকা) = অবৈধভাবে ব্যবহৃত বিদ্যুতের মূল্য (টাকা) + মিটারের মূল্য (প্রযোজ্য ক্ষেত্রে)
- সর্বমোট জরিমানা বিল (টাকা) = জরিমানা বিল (টাকা) + প্রযোজ্য ভ্যাট

খ) গ্রাহকের মিটারের কার্যকারিতায় সন্দেহের উদ্রেক হলে করণীয় এবং জরিমানা বিল প্রস্তুতের নিয়মাবলি

গ্রাহকের মিটারের কার্যকারিতা নিয়ে সন্দেহ দেখা দিলে নিম্নোক্ত নিয়মে পরীক্ষা ও ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- **সিঙ্গেল ফেজ এলটি গ্রাহক:** সংশ্লিষ্ট দপ্তর প্রধানের অনুমতি ক্রমে ফিডার ইনচার্জ/ফিডার সুপারভাইজার/নির্ধারিত কমিটি মিটার পরীক্ষা করবে। পরীক্ষার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর অপারগ হলে এনার্জি অডিট সেলের সহায়তা গ্রহণ করবে।
- **থ্রি-ফেজ (৪০০ ভোল্ট) এলটি গ্রাহক:** তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক ০৩ সদস্যের একটি কমিটি গঠন করতে হবে।
- **এমটি/এইচটি (১১ কেভি এবং তদূর্ধ্ব) গ্রাহক:** প্রধান প্রকৌশলী কর্তৃক ০৩ সদস্যের একটি কমিটি গঠন করতে হবে।

পরীক্ষান্তে মিটারের ডাটা ডাউনলোড করে গ্রাহক কর্তৃক অবৈধ হস্তক্ষেপ (যেমন: মিটার বাইপাস/মিটার টেম্পারিং বা অন্য যেকোনো উপায়ে বিদ্যুৎ অবৈধ) এর আলামত পাওয়া গেলে:

- তৎক্ষণাৎ সংযোগটি বিচ্ছিন্ন করতে হবে।
- মিটার ও সার্ভিস ড্রপ সংশ্লিষ্ট দপ্তরের ভান্ডারে জমা প্রদান করতে হবে।
- বিদ্যুৎ আইন ২০১৮ ও বিদ্যুৎ বিধিমালা ২০২০ এবং এ সম্পর্কিত সরকারের অন্যান্য নির্দেশনা মোতাবেক প্রযোজ্য ধারা/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- নিম্নোক্ত হিসেবে বিদ্যুৎ আইন ২০১৮ এর ধারা ৪৮ মোতাবেক জরিমানা বিল প্রস্তুত করতে হবে।

১. বিদ্যুৎ অবৈধর সঠিক তারিখ, দৈনিক ব্যবহারের সময় ও সংযুক্ত লোড জানা থাকলে:

অবৈধভাবে ব্যবহৃত ইউনিট নির্ধারণ (Kwh) :

- অবৈধভাবে ব্যবহৃত ইউনিট (Kwh) নির্ধারণ (বাসা-বাড়ি /ক্ষুদ্র শিল্প/ নির্মান/ বাণিজ্যিক) = সংযুক্ত লোড(Kwh) × দৈনিক ব্যবহারের সময় × প্রকৃত ব্যবহার(নূন্যতম ৩মাস)

- **অবৈধভাবে ব্যবহৃত বিদ্যুতের মূল্য :**
  - অবৈধভাবে ব্যবহৃত ইউনিট(Kwh) এর ০৩ (তিন) গুণ× বার্ক ট্যারিফ অনুযায়ী মূল্যহার।
  - জরিমানা বিল (টাকা) = অবৈধভাবে ব্যবহৃত বিদ্যুতের মূল্য (টাকা) + মিটারের মূল্য (প্রযোজ্য ক্ষেত্রে)
  - সর্বমোট জরিমানা বিল (টাকা) = জরিমানা বিল (টাকা) + প্রযোজ্য ভ্যাট

২. বিদ্যুৎ অবৈধর সঠিক তারিখ, দৈনিক ব্যবহারের সময় ও সংযুক্ত লোড জানা না থাকলে:

অবৈধভাবে ব্যবহৃত ইউনিট নির্ধারণ (Kwh) :

- অবৈধভাবে ব্যবহৃত ইউনিট (Kwh) নির্ধারণ (বাসা-বাড়ি /ক্ষুদ্র শিল্প/ নির্মান/ বাণিজ্যিক) = সংযুক্ত লোড(Kwh) × দৈনিক ব্যবহারের সময় (আনুমানিক ০৬ থেকে ১২ ঘণ্টা) × প্রকৃত ব্যবহার(নূন্যতম ৩মাস)

- **অবৈধভাবে ব্যবহৃত বিদ্যুতের মূল্য :**
  - অবৈধভাবে ব্যবহৃত ইউনিট(Kwh) এর ০৩ (তিন) গুণ × বার্ক ট্যারিফ অনুযায়ী মূল্যহার।
  - জরিমানা বিল (টাকা) = অবৈধভাবে ব্যবহৃত বিদ্যুতের মূল্য (টাকা) প্রকৃত ব্যবহার(নূন্যতম ৩মাস)
  - সর্বমোট জরিমানা বিল (টাকা) = জরিমানা বিল (টাকা) + প্রযোজ্য ভ্যাট

গ) ভিন্ন ট্যারিফ ক্যাটাগরির লোডে সংযোগ স্থাপনের ক্ষেত্রে নিয়মাবলি

গ্রাহক তার অনুমোদিত ট্যারিফ ক্যাটাগরির লোড ব্যতীত ভিন্ন ট্যারিফ ক্যাটাগরির লোডে সংযোগ স্থাপন করলে (যেমন: সেচ সংযোগ দ্বারা বাণিজ্যিক সংযোগ দিলে অথবা আবাসিক সংযোগে ব্যাটারি চার্জিং স্টেশন পরিচালনা করলে) উক্ত সংযোগ অবৈধ হিসেবে সাব্যস্ত হবে।

করণীয় ও জরিমানা:

- তাৎক্ষণিকভাবে সংযোগটি বিচ্ছিন্ন করে মিটার ও সার্ভিস ড্রপ সংশ্লিষ্ট দপ্তরের ভান্ডারে জমা প্রদান করতে হবে।
- বিদ্যুৎ আইন ২০১৮ ও বিদ্যুৎ বিধিমালা ২০২০ এবং এ সম্পর্কিত সরকারের অন্যান্য নির্দেশনা মোতাবেক প্রযোজ্য ধারা/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- বিদ্যুৎ আইন ২০১৮ এর ধারা ৪৮ মোতাবেক জরিমানা বিল প্রস্তুত করতে হবে।
- বিশেষ দ্রষ্টব্য: এক্ষেত্রে উচ্চ রেটের ট্যারিফ ধরে জরিমানা বিল করতে হবে। অর্থাৎ, সেচ সংযোগ দ্বারা বাণিজ্যিক কাজ পরিচালনা করলে বাণিজ্যিক ট্যারিফে জরিমানা বিল করতে হবে।

  গ্রাহক কর্তৃক অবৈধ ব্যবহার (টাকা) = উচ্চ ট্যারিফ রেটের বিদ্যুৎ বিল - গ্রাহককে প্রদানকৃত নিম্ন ট্যারিফ রেটের বিদ্যুৎ বিল

  নেট জরিমানা বিল = গ্রাহক কর্তৃক অবৈধ ব্যবহার (টাকা) এর ৩ (তিন) গুণ

  মোট জরিমানা বিল = নেট জরিমানা বিল + প্রযোজ্য ভ্যাট

ঘ) একক ইউনিট বা ফ্ল্যাটে একাধিক আবাসিক মিটার ব্যবহারের ক্ষেত্রে জরিমানা

একটি মাত্র ইউনিট বা একই ফ্ল্যাটের জন্য যদি একাধিক আবাসিক মিটার সংযোগ বা হিসাব নম্বর বিদ্যমান থাকে, তবে ব্যবহারজনিত ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতিতে জরিমানা আদায় করা যাবে:

গ্রাহক কর্তৃক অবৈধ ব্যবহার (টাকা) = (ব্যবহৃত মোট বিদ্যুৎ একক বিবেচনায় ১টি মিটার ব্যবহারের জন্য নির্ধারিত বিলের টাকা) - (ব্যবহৃত বিদ্যুৎ একাধিক মিটারে ভাগ করে ব্যবহারের ফলে প্রকৃতপক্ষে বিলকৃত টাকা)

নেট জরিমানা বিল = গ্রাহক কর্তৃক অবৈধ ব্যবহার (টাকা) এর ০৩ (তিন) গুণ।

সর্বমোট জরিমানা বিল = নেট জরিমানা বিল + প্রযোজ্য ভ্যাট।

ঙ) উপর্যুক্ত (ক / খ / গ/ ঘ) এর ক্ষেত্রে কমিটি কর্তৃক জরিমানা বিলের প্রস্তাব করা হলে, লোড অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদনক্রমে সংশ্লিষ্ট দপ্তর প্রধান অবিলকৃত ইউনিট বিল করবেন। কমিটি ২.২.১৩ এর ছক অনুযায়ী গঠন করতে হবে।

চ) জরিমানা বিদ্যুৎ বিল প্রস্তুত করে সংশ্লিষ্ট দপ্তরের আওতাধীন নির্ধারিত ব্যাংকের শাখায় পরিশোধ করার জন্য গ্রাহককে অবৈধ সংযোগ শনাক্ত ও বিচ্ছিন্ন করার দিন হতে ০৭ (সাত) দিন সময় দিতে হবে। জরিমানা বিল গ্রাহককে প্রদানের সময় অতিরিক্ত একটি কপিতে প্রাপ্তি স্বাক্ষর রেখে তা সংরক্ষণ করতে হবে।

ছ) গ্রাহক অবৈধ সংযোগ শনাক্ত ও বিচ্ছিন্ন করার দিন হতে ০৭ (সাত) দিন সময়ের মধ্যে জরিমানা বিল পরিশোধে ব্যর্থ হলে, বিদ্যুৎ আইন-২০১৮ অনুযায়ী সংশ্লিষ্ট বিদ্যুৎ আদালতে মামলা দায়ের করতে হবে।

জ) গ্রাহক উক্ত সময়ের মধ্যে জরিমানা বিল পরিশোধ করলে পুনঃ সংযোগ ফি এবং ক্ষতিগ্রস্ত মিটার/সার্ভিস ড্রপ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিবর্তনের মূল্য ও যাবতীয় ফি পরিশোধ সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তর পুনরায় বিদ্যুৎ সংযোগ প্রদান করবে।

ঝ) বিদ্যুৎ আদালতে মামলা করার পর গ্রাহক জরিমানা বিল পরিশোধ করলে পুনঃ সংযোগ ফি এবং ক্ষতিগ্রস্ত মিটার/সার্ভিস ড্রপ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিবর্তনের মূল্য ও যাবতীয় ফি পরিশোধ করার পর বিদ্যুৎ আদালতের নির্দেশনা মোতাবেক পুনরায় বিদ্যুৎ সংযোগ দিতে হবে।

২.২.১৩। অবিলকৃত ইউনিট

ক) মিটারিং ইউনিট (মিটার, সিটি, পিটি) এর ত্রুটির কারণে গ্রাহককে কম বিল করা হয়েছে প্রমাণিত হলে অবিলকৃত ইউনিটের বিল করা যাবে। এক্ষেত্রে কোনো মিটারিং ইউনিটে ত্রুটির সন্দেহ হলে অথবা গ্রাহকের স্বাভাবিক বিদ্যুৎ ব্যবহারের চেয়ে কম বিল হচ্ছে বলে প্রতীয়মান হলে দপ্তর প্রধান কর্তৃক সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে অবহিত করতে হবে।

খ) সিঙ্গেল ফেজ/থ্রি ফেজ এলটি গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক এনার্জি অডিট সেলের নির্বাহী প্রকৌশলী/তার একজন প্রতিনিধিসহ ০৩ সদস্যের একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট দপ্তর প্রধান পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে। সকল এমটি/এইচটি গ্রাহকের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী কর্তৃক সংশ্লিষ্ট এনার্জি অডিট সেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট ইএসইউ/দপ্তরের নির্বাহী প্রকৌশলী এবং বাণিজ্যিক পরিচালন দপ্তরের নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। কমিটির রিপোর্টের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ) কমিটি অবিলকৃত ইউনিট বিলের প্রস্তাব করলে লোড অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদনক্রমে সংশ্লিষ্ট দপ্তর প্রধান অবিলকৃত ইউনিট বিল করবে।

ঘ) মিটারিং ইউনিটের ত্রুটির কারণে গ্রাহককে বেশি বিল করা হলে উপর্যুক্ত প্রক্রিয়া অনুসরণ করে বিল সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে।

তৃতীয় অধ্যায়

মিটার রিডিং ও বিলিং

৩.১। মিটার রিডিং

৩.১.১। মিটার প্যারামিটার

ওজোপাডিকো কর্তৃক সময়ে সময়ে অনুমোদিত মিটারের সকল অন্যান্য প্রযোজ্য প্যারামিটারের পাশাপাশি নিম্নবর্ণিত প্যারামিটারসমূহ অন্তর্ভুক্ত থাকতে হবে।

ক) সিঙ্গেল-ফেজ মিটার

১. তাৎক্ষণিকভাবে প্রদর্শিত ভোল্টেজ, কারেন্ট, Kwh রিডিং, Maximum Demand, মাসিক বিদ্যুৎ ব্যবহারের পরিমাণ (যা মাস শেষের পরবর্তী মাস পর্যন্ত স্থায়ী হবে), রিচার্জের পরিমাণ, অবশিষ্ট ব্যালেন্স ইত্যাদি প্রদর্শনযোগ্য প্যারামিটার মিটারে থাকতে হবে।
২. মিটার বডি হারমেটিক্যালি সিলড (Hermetically Sealed) হতে হবে এবং মিটারে BSTI Logo ও সিল থাকতে হবে।
৩. মিটারে Optical Port থাকতে হবে, যাতে Data Download করা যায় এবং মিটার Customization করা যায়।
৪. ন্যূনতম ১০০ (একশত) দিনের ডাটা মিটারে সংরক্ষিত থাকতে হবে।
৫. মিটারের বেস কভার স্বচ্ছ (Transparent) হতে হবে এবং সিল স্থাপনের সুযোগ থাকতে হবে।
৬. এছাড়াও বাণিজ্যিক পরিচালন দপ্তর কর্তৃক নির্ধারিত প্যারামিটারসমূহ মিটারে অন্তর্ভুক্ত করতে হবে।

খ) থ্রি-ফেজ মিটার

১. তাৎক্ষণিকভাবে প্রদর্শিত ভোল্টেজ, কারেন্ট, Peak, Off-Peak ও Total (Kwh, kVARh) রিডিং, Maximum Demand, Power Factor, Cumulative Demand, Phase Angle, মাসিক বিদ্যুৎ ব্যবহারের পরিমাণ (যা মাস শেষের পরবর্তী মাস পর্যন্ত স্থায়ী হবে), রিচার্জের পরিমাণ, অবশিষ্ট ব্যালেন্স ইত্যাদি প্রদর্শনযোগ্য প্যারামিটার মিটারে থাকতে হবে। ইলেকট্রিক্যাল ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশন (এলটি-ডি-৩) শ্রেণির গ্রাহকের জন্য উপর্যুক্ত বৈশিষ্ট্যের পাশাপাশি অতিরিক্ত ফিচার হিসেবে Super Off-Peak (Kwh, kVARh) রিডিং প্রদর্শনের ব্যবস্থা থাকতে হবে।
২. মিটার বডি হারমেটিক্যালি সিলড (Hermetically Sealed) হতে হবে এবং মিটারে BSTI Logo ও সিল থাকতে হবে।
৩. মিটারে Optical Port থাকতে হবে, যাতে Data Download করা যায় এবং মিটার Customization করা যায়।
৪. ন্যূনতম ১০০ (একশত) দিনের ডাটা মিটারে সংরক্ষিত থাকতে হবে।
৫. মিটারের বেস কভার স্বচ্ছ (Transparent) হতে হবে এবং সিল স্থাপনের সুযোগ থাকতে হবে।
৬. এছাড়াও বাণিজ্যিক পরিচালন দপ্তর কর্তৃক নির্ধারিত প্যারামিটারসমূহ মিটারে অন্তর্ভুক্ত করতে হবে এবং সময়ে সময়ে হালনাগাদ করতে হবে।

৩.১.২। মিটার রিডিং পদ্ধতি

ক) প্রি-পেমেন্ট মিটারের রিডিং গ্রহণ পদ্ধতি

প্রি-পেমেন্ট মিটারসমূহের হিসাব নম্বর-সম্বলিত একটি চেক রিডিং বই থাকবে। প্রি-পেমেন্ট মিটারসমূহ প্রতি মাসে সরেজমিনে পরিদর্শন করতে হবে। প্রি-পেমেন্ট মিটারের ব্যালেন্স হতে স্বয়ংক্রিয়ভাবে সকল চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে মিটার ভাড়া, ডিমান্ড চার্জ, ভ্যাট ইত্যাদি) প্রতি মাসে কর্তন হবে। ব্যালেন্স শূন্য/নেগেটিভ হওয়ার পর পরবর্তী ০৩ (তিন) মাস যদি কোনো ভেন্ডিং না হয়, তাহলে মিটারটি স্বয়ংক্রিয়ভাবে প্রি-পেমেন্ট সিস্টেম হতে Take Back হয়ে যাবে। প্রি-পেইড দপ্তর বিষয়টি নিয়মিত মনিটরিং করবে এবং সংশ্লিষ্ট সার্কেল/বিবিবি/ইএসইউ প্রধান ০৩ (তিন) মাসের অধিক নন-ভেন্ডিং তালিকা, কত জন নন ভেন্ডিং গ্রাহক ভেন্ডিং করেছে সেটির তালিকা, মিটার টেক-ব্যাক

তালিকা, লগ-অফ তালিকাসহ প্রয়োজনীয় তথ্যাদি রিয়েল-টাইমে পর্যবেক্ষণ করতে পারবেন। একটানা ০৩ (তিন) মাস পর্যন্ত কোনো গ্রাহক ভেন্ডিং না করলে গ্রাহকের আঙিনা পরিদর্শন করতে হবে এবং ভেন্ডিং না করার কারণ খতিয়ে দেখতে হবে। প্রতি মাসে প্রি-পেমেন্ট মিটার পরিদর্শন রিপোর্ট সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে (**পরিশিষ্ট-২৯ (ক),(খ)**)।

নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রি-পেমেন্ট মিটারসমূহের চেক রিডিং গ্রহণ করতে হবে:

ক্র. নং	গ্রাহক শ্রেণি	চেক রিডিং গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী	মন্তব্য
১	২৩০ ভোল্ট গ্রাহক	ফিডার সুপারভাইজার / ফিডার ইনচার্জ	প্রতি মাসে ফিডার সুপারভাইজার ৫% এবং ফিডার ইনচার্জ ২% জন ও নির্বাহী প্রকৌশলী ১% গ্রাহকের চেক রিডিং গ্রহণ করবেন(**পরিশিষ্ট-২৯ (ক),(খ)**)।
২	৪০০ ভোল্ট গ্রাহক	ফিডার সুপারভাইজার / ফিডার ইনচার্জ	প্রতি মাসে ফিডার সুপারভাইজার ৫০% এবং ফিডার ইনচার্জ ১০% ও নির্বাহী প্রকৌশলী ১% গ্রাহকের চেক রিডিং গ্রহণ করবেন(**পরিশিষ্ট-২৯ (ক),(খ)**)।
৩	১১,০০০ ভোল্ট গ্রাহক	ফিডার ইনচার্জ / নির্বাহী প্রকৌশলী	প্রতি মাসে ফিডার ইনচার্জ ১০% এবং নির্বাহী প্রকৌশলী ৫% গ্রাহকের চেক রিডিং গ্রহণ করবেন(**পরিশিষ্ট-২৯ (ক),(খ)**)।
৪	৩৩,০০০ ভোল্ট গ্রাহক	নির্বাহী প্রকৌশলী / তত্ত্বাবধায়ক প্রকৌশলী	প্রতি মাসে নির্বাহী প্রকৌশলী ১০% এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী ৫% গ্রাহকের চেক রিডিং গ্রহণ করবেন(**পরিশিষ্ট-২৯ (ক),(খ)**)।

খ) পোস্ট-পেমেন্ট মিটারের রিডিং গ্রহণ পদ্ধতি

নিম্নবর্ণিত ছক অনুযায়ী পোস্ট-পেমেন্ট মিটারের রিডিং গ্রহণ করতে হবে:

ক্র. নং	গ্রাহক শ্রেণি	রিডিং গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী	মন্তব্য
১	২৩০ ভোল্ট গ্রাহক	মিটার পাঠক	ফিডার সুপারভাইজার ১০% এবং ফিডার ইনচার্জ ৫% গ্রাহকের চেক রিডিং নিয়ে MRS **(পরিশিষ্ট-১৮)** স্বাক্ষর করবেন।
২	৪০০ ভোল্ট গ্রাহক	ফিডার সুপারভাইজার	ফিডার ইনচার্জ ২০% গ্রাহকের চেক রিডিং নিয়ে MRS **(পরিশিষ্ট-১৮)** স্বাক্ষর করবেন।
৩	১১,০০০ ভোল্ট গ্রাহক	ফিডার ইনচার্জ	নির্বাহী প্রকৌশলী ৩০% গ্রাহকের চেক রিডিং নিয়ে MRS **(পরিশিষ্ট-১৮)** স্বাক্ষর করবেন।

ক্র. নং	গ্রাহক শ্রেণি	রিডিং গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী	মন্তব্য
৪	৩৩,০০০ ভোল্ট গ্রাহক	নির্বাহী প্রকৌশলী	সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাণিজ্যিক পরিচালন) ৫% গ্রাহকের চেক রিডিং নিয়ে MRS **(পরিশিষ্ট-১৮)** প্রতিস্বাক্ষর করবেন।
৫	১,৩২,০০০ ভোল্ট ও তদূর্ধ্ব ভোল্ট গ্রাহক	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	জোন প্রধান (প্রধান প্রকৌশলী) রিডিং চেক করে প্রতিস্বাক্ষর করবেন।

গ) নেট মিটারিং-এর রিডিং গ্রহণের ক্ষেত্রে উপর্যুক্ত **প্রি-পেমেন্ট (ক)** এবং **পোস্ট-পেমেন্ট (খ)** টেবিল অনুসারে রিডিং গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী (রিনিউএবল এনার্জি সেল) অথবা সংশ্লিষ্ট প্রতিনিধি অতিরিক্ত ১০% (দশ শতাংশ) চেক রিডিং গ্রহণ করবেন। **(পরিশিষ্ট-৩১)**।

ঘ) রিডিং গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তার নিকট হতে মিটার রিডিং ডাটা শিট (MRS) গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট দপ্তর হতে প্রণীত মিটার রিডিং সিডিউল অনুযায়ী রিডিং গ্রহণ করবে। প্রি-পেমেন্ট মিটারের ক্ষেত্রে রিডিং গ্রহণের প্রয়োজন হবে না। তবে উপর্যুক্ত 'ক' উপধারা অনুযায়ী মিটার চেকিং করতে হবে।

ঙ) মিটার রিডিং শিট (MRS)-এ নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকবে:

Walk Order হিসাব নং, গ্রাহক নং, গ্রাহকের নাম, বাণিজ্যিক ও যোগাযোগের ঠিকানা, ট্যারিফ শ্রেণি, অনুমোদিত লোড, ফেজ সংখ্যা, প্রতি ফেজের ভোল্টেজ ও কারেন্ট, Kwh ও kVARh-এর পূর্ববর্তী মাসের রিডিং এবং বর্তমান মাসের Blank Reading ইত্যাদি।

চ) রিডিং গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণ রিডিং গ্রহণকালে মিটারের অবস্থা, সিলের অবস্থা ইত্যাদি বিষয়াদি উল্লেখপূর্বক তার উর্ধ্বতন কর্মকর্তার নিকট প্রতিবেদন দাখিল করবেন।

ছ) সিডিউল অনুযায়ী রিডিং গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী রিডিং গ্রহণপূর্বক ও MRS পূরণ করে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন এবং দপ্তর প্রধানের স্বাক্ষরে সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করতে হবে।

জ) উপর্যুক্ত ছক মোতাবেক কর্মকর্তাগণ ডাটা শিটে উল্লেখিত রিডিং সরেজমিনে চেক করবেন।

ঝ) সিডিউল অনুযায়ী মিটার রিডিং গ্রহণ ও MRS পূরণ করার পর পরবর্তী সিডিউলের MRS সংশ্লিষ্ট রিডিং গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী গ্রহণ করবেন।

ঞ) MRS -এ উল্লেখিত গ্রাহক অবশ্যই ট্রান্সফরমারভিত্তিক ও সংশ্লিষ্ট ফিডারভিত্তিক হতে হবে।

ট) নতুন গ্রাহকগণকে অবশ্যই উক্ত এলাকার MRS -এ অন্তর্ভুক্ত করতে হবে।

ঠ) কোনো কারণে (প্রাকৃতিক কারণ) মিটার রিডিং গ্রহণ করা সম্ভবপর না হলে গ্রাহকের বিগত ১২ (বারো) মাসের Consumption-এর ভিত্তিতে Meter Condition '00' রেখে Estimate Bill দেওয়া যাবে। তবে Estimate Bill ০২ (দুই) মাসের অধিক বিলিং মাসের জন্য প্রযোজ্য হবে না। তবে পরবর্তী মাসে প্রকৃত রিডিং-এর সাথে সমন্বয় করতে হবে।

ড) নষ্ট/বিকল/ডিসপ্লে সাদা/যান্ত্রিকভাবে ত্রুটিপূর্ণ পোস্ট-পেমেন্ট মিটারের ক্ষেত্রে গ্রাহককে মিটার পরিবর্তনের নোটিশ করতে হবে। নোটিশ প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে গ্রাহক মিটার পরিবর্তন না করলে গ্রাহকের বিগত ১২ (বারো) মাসের

গড় Consumption-এর ভিত্তিতে Meter Condition '13' করে সর্বোচ্চ ০২ (দুই) মাস Estimate Bill করা হবে। এক্ষেত্রে ০২ (দুই) মাসের মধ্যে গ্রাহক মিটার পরিবর্তন না করলে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে।

ঢ) সিঙ্গেল ফেজ/থ্রি-ফেজ এলটি গ্রাহকের ক্ষেত্রে প্রতি ১২ (বারো) মাস পর মিটার রিডিং গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পুনর্বণ্টন করতে হবে। কোনো অবস্থাতেই পূর্বের এলাকার দায়িত্ব পুনঃপ্রদান করা যাবে না।

ণ) **পরিশিষ্ট-৩৩**-এর নির্ধারিত ছক অনুযায়ী প্রতি মাসের ১ (এক) তারিখে সংশ্লিষ্ট সাব-স্টেশন ইনচার্জ কর্তৃক উপকেন্দ্রের প্রতিটি মিটারের বাস ব্যালান্স সম্পাদন করতে হবে এবং বিপিডিবি-এর এনার্জি অডিট দপ্তর হতে প্রেরিত ইম্পোর্ট রিডিং-এর সাথে উক্ত বাস ব্যালান্সের রিডিং যথাযথভাবে মিলিয়ে নিশ্চিত করতে হবে।

৩.২। বিলিং

৩.২.১। বিদ্যুৎ বিল

পোস্ট-পেমেন্ট/প্রি-পেমেন্ট নির্বিশেষে গ্রাহকের মাসিক বিদ্যুৎ ব্যবহারের মূল্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন/বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে এবং অন্যান্য চার্জসহ ওজোপাডিকো কর্তৃক প্রস্তুতকৃত বিল/টোকেন বিদ্যুৎ বিল বলে গণ্য হবে। বিদ্যুৎ বিলের বিভিন্ন অংশ থাকবে। তন্মধ্যে:

ওজোপাডিকোর অংশ

১) অপরিবর্তনীয় অংশ

ক) ডিমান্ড চার্জ

খ) সার্ভিস চার্জ

২) পরিবর্তনীয় অংশ

ক) এনার্জি চার্জ

খ) PFC চার্জ

৩) অতিরিক্ত অংশ

ক) মিটার ভাড়া, ট্রান্সফরমার ভাড়া

খ) সংযোগ বিচ্ছিন্ন/পুনঃসংযোগ চার্জ (DC/RC)

গ) দেরিতে পরিশোধ চার্জ (LPS)

ঘ) বিবিধ জরিমানা

ঙ) রিবেট (প্রি-পেমেন্ট গ্রাহকদের ক্ষেত্রে)

চ) বকেয়া/অগ্রিম

ছ) অন্যান্য (সমন্বয়) ইত্যাদি

৪) ফেরতযোগ্য অংশ

গ্রাহক জামানত

সরকারি অংশ:

১) পরিবর্তনীয় অংশ

ভ্যাট (VAT)

পোস্ট-পেমেন্ট গ্রাহক বিলে নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখ থাকতে হবে:

Walk Order, হিসাব নং, গ্রাহক নং, গ্রাহকের নাম, বাণিজ্যিক ঠিকানা, যোগাযোগের ঠিকানা, অনুমোদিত লোড, ফেজ সংখ্যা, ভোল্টেজ, ট্যারিফ শ্রেণি, Kwh ও kVARh-এর বর্তমান এবং পূর্ববর্তী মাসের রিডিং, মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর, Kwh ও kVARh-এর পিক/অফ-পিক/ফ্ল্যাট, বিল তৈরির তারিখ, দেরিতে পরিশোধ চার্জ ছাড়া পরিশোধের সর্বশেষ তারিখ, পূর্ববর্তী মাসে পরিশোধিত বিলের পরিমাণ, বকেয়ার স্থিতি (বিগত ৬ মাসের) ইত্যাদি **(পরিশিষ্ট-১৯,২০,২১, ২২)।**

প্রি-পেমেন্ট ভেন্ডিং-এর মাধ্যমে গ্রাহককে প্রদত্ত রসিদে নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখ থাকতে হবে:

গ্রাহক নং, গ্রাহকের নাম, পিতার নাম ও ঠিকানা, মোবাইল নম্বর, অনুমোদিত লোড, মিটার নং, ট্যারিফ শ্রেণি, ভেন্ডিং-এর তারিখ, অপারেটর, সিকোয়েন্স নম্বর, এনার্জি মূল্য, মিটার ভাড়া, ডিমান্ড চার্জ, রিবেট, বকেয়া আদায়, সর্বমোট আদায় এবং ওজোপাডিকো কর্তৃক টোকেন নম্বরসহ সংশ্লিষ্ট দপ্তরের অভিযোগ কেন্দ্রের মোবাইল নম্বর। **(পরিশিষ্ট-২৩)**

বিলিং সাইকেলঃ

প্রতি মাসের ১৬ (ষোল) তারিখ হতে বিলিং সাইকেল শুরু হবে। রিডিং গ্রহণের জন্য মিটার রিডারগণ সর্বোচ্চ ৭ (সাত) দিন সময় পাবেন; পরবর্তীতে বিল প্রস্তুতের জন্য ৩ (তিন) দিন এবং প্রস্তুতকৃত বিলসমূহ গ্রাহকদের নিকট বিতরণের জন্য পরবর্তী ৫ (পাঁচ) দিন সময় নির্ধারিত থাকবে। শিডিউলটি সংশ্লিষ্ট দপ্তর প্রধান অফিস আদেশ আকারে জারি করবেন। গ্রাহকগণ বিল প্রাপ্তির তারিখ হতে পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে বিল পরিশোধ করতে পারবেন। এছাড়া, যে মাসের জন্য বিল পরিশোধ করা হবে, উক্ত মাসে গ্রাহকের ন্যূনতম ১৫ (পনেরো) দিনের বিদ্যুৎ ব্যবহার অন্তর্ভুক্ত থাকা আবশ্যক। বিলিং মাসের শুরুতে বিলিং দপ্তর কর্তৃক ইস্যুকৃত সিডিউলে বিল গ্রুপ-ওয়ারী বিল পরিশোধের সর্বশেষ তারিখ উল্লেখ থাকবে।

৩.২.২। বিল প্রস্তুতি

নিম্নবর্ণিত ছক (বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক যেটা নির্ধারিত) মোতাবেক বিভিন্ন শ্রেণির গ্রাহকের বিল প্রস্তুত করতে হবে।

গ্রাহক শ্রেণি	রং	সাইজ
LT-A গ্রাহক	নীল	২৮ সে.মি. × ১৯ সে.মি.
LT-A ব্যতীত সকল LT গ্রাহক	সবুজ	২৮ সে.মি. × ১৯ সে.মি.
১১০০০ ভোল্ট ও তদূর্ধ্ব ভোল্ট গ্রাহক	গোলাপি	২৮ সে.মি. × ১৯ সে.মি.

প্রি-পেমেন্ট গ্রাহকদের ক্ষেত্রে বিলের পরিবর্তে পরবর্তী মিটার রিচার্জকালীন সময়ে টোকেন ইস্যু করতে হবে।

সাধারণ বিল

ক) বিল প্রণয়নের ধাপসমূহ

১. সংশ্লিষ্ট বিবিবি/ইএসইউ দপ্তর সিডিউল মোতাবেক MRS সংশ্লিষ্ট কম্পিউটার বিলিং সেকশনে Posting-এর জন্য প্রেরণ করবে। বিলিং সেকশন উহা Posting পূর্বক Billing Exception প্রণয়ন করে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করবে।

২. কম্পিউটার বিলিং সেকশন হতে প্রাপ্ত Billing Exception সংশ্লিষ্ট দপ্তর নিরীক্ষা করবে এবং প্রয়োজন হলে সংশোধন করবে।
৩. এরপর সংশ্লিষ্ট দপ্তর ব্যাংক হতে প্রতিদিনের Collection (DCS) ও সংশোধিত Billing Exception বিল প্রস্তুতের জন্য কম্পিউটার বিলিং সেকশনে প্রেরণ করবে **(পরিশিষ্ট-২৪)।**
৪. কম্পিউটার বিলিং সেকশন Exception ও DCS-এর তথ্য Posting দিয়ে বিল প্রস্তুত করবে।
৫. বিল প্রাপ্তির পর সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ন্যূনতম ১০% বিল পরীক্ষা করতে হবে। কোনো বিচ্যুতি পরিলক্ষিত হলে কম্পিউটার বিলিং সেকশন হতে সংশোধন করতে হবে।
৬. প্রয়োজনীয় পরীক্ষা শেষে ২৩০/৪০০ ভোল্ট গ্রাহকদের বিল দপ্তর প্রধানের স্বাক্ষরে বিল বিতরণকারীগণের মাধ্যমে গ্রাহকের আঙিনায় পৌঁছাতে হবে।
৭. ১১০০০ ভোল্ট ও ৩৩০০০ ভোল্ট গ্রাহকের বিল পরীক্ষার পর দপ্তর প্রধানের লাইভ স্বাক্ষরপূর্বক বিল বিতরণকারীর মাধ্যমে গ্রাহকের আঙিনায় পৌঁছাতে হবে।

৩.২.৩। লেজার সংরক্ষণ

২৩০/৪০০/১১০০০/৩৩০০০ ভোল্ট গ্রাহকদের ইলেকট্রনিক লেজার সংশ্লিষ্ট দপ্তর, কমার্শিয়াল দপ্তর এবং ICT দপ্তর সংরক্ষণ করবে। প্রতিটি বিল গ্রুপভিত্তিক বিল প্রস্তুতের পর সংশ্লিষ্ট দপ্তর গ্রাহক লেজার ডাটা (Data Migration) কমার্শিয়াল দপ্তর এবং ICT দপ্তরে প্রেরণ করবে। ICT দপ্তর উক্ত ডাটা ব্যাকআপ (Backup) হিসেবে সংরক্ষণ করার পাশাপাশি ওজোপাডিকোর ওয়েবসাইটে প্রকাশ করবে, যাতে গ্রাহক নিজেই বিল প্রিন্ট নিয়ে বিল পরিশোধ করতে পারেন।

৩.২.৪। বিল আদায়

ক) পোস্ট-পেইড সিস্টেম

অফলাইন ব্যাংকের ক্ষেত্রে—

১. বিবিবি/ইএসইউ-এর আওতাধীন নির্ধারিত ব্যাংক শাখা গ্রাহকের নিকট হতে পোস্ট-পেমেন্ট বিল সংগ্রহ করবে। বিল ফর্ম নং, স্বাক্ষর ও সিল প্রদানপূর্বক গ্রাহক কপি গ্রাহককে বা তার প্রতিনিধিকে ফেরত প্রদান করবে।
২. ব্যাংক প্রতিদিনের বিদ্যুৎ বিল আদায়ের বিবরণী (Daily Collection Sheet-DCS) প্রস্তুত করবে।
৩. ব্যাংক প্রস্তুতকৃত আদায় বিবরণী আদায়কৃত বিদ্যুৎ বিলের দ্বিতীয় কপিসহ প্রতিদিন সংশ্লিষ্ট বিবিবি/ইএসইউ দপ্তরে প্রেরণ করবে।
৪. সংশ্লিষ্ট বিবিবি/ইএসইউ আদায়কৃত বিদ্যুৎ বিলের দ্বিতীয় কপিসহ উক্ত বিবরণী সংযুক্ত করে কম্পিউটার সেন্টারে প্রেরণ করবে।
৫. কম্পিউটার সেন্টার উক্ত আদায়ের তথ্য বিলিং ডাটাবেজে এন্ট্রি করবে।
৬. চেক/ IBAS++/ অন্যান্য ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে ওজোপাডিকোর নির্ধারিত ব্যাংক হিসাবে ক্রেডিটের তারিখ বিল কালেকশনের তারিখ হিসাবে গণ্য হবে (অনলাইন ব্যাংকিং এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে)।

অনলাইন ব্যাংক ও MFS-এর ক্ষেত্রে:

১. ওজোপাডিকোর সংশ্লিষ্ট ডাটাবেজের সাথে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে গ্রাহকের বিলের তথ্য ব্যাংক দেখতে পারবে ও আদায়ের তথ্য পোস্টিং দিতে পারবে।
২. ব্যাংক দিনের শুরুতে পূর্ববর্তী দিনের আদায়কৃত বিলের তথ্য নির্ধারিত ফরম্যাট Daily Bill Collection Report (DBS) **(পরিশিষ্ট-২৬)** অনুযায়ী বিলিং দপ্তরে প্রেরণ করবে।
৩. ব্যাংক কর্তৃক প্রেরিত উক্ত রিপোর্টসমূহের তথ্য ওজোপাডিকোর বিলিং ডাটাবেজে সঠিকভাবে প্রতিফলিত হয়েছে কি না তা ওজোপাডিকোর আইসিটি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষান্তে নিশ্চিত করবে।

খ) প্রিপেইড সিস্টেম ভেন্ডিং স্টেশনের ক্ষেত্রে

১. গ্রাহক প্রি-পেমেন্ট মিটারের ভেন্ডিং প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে এজেন্ট ভেন্ডিং ব্যবস্থা সচল রাখতে হবে। এজেন্টরা কেন্দ্রীয়ভাবে অগ্রিম অর্থ ডিপোজিট করবে এবং ডিপোজিটেড অর্থ শেষ হওয়া পর্যন্ত গ্রাহকগণ সংশ্লিষ্ট এজেন্টের মাধ্যমে ভেন্ডিং সম্পাদন করতে পারেন।

২. ভেন্ডিং এর সুবিধার্থে প্রতিটি বিবিবি/ইএসইউ দপ্তরে কমপক্ষে ১ (এক) টি ভেন্ডিং স্টেশন থাকবে যেখানে ব্যাংক/থার্ড পার্টি/ মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (MFS) এজেন্টের মাধ্যমে ভেন্ডিং সিস্টেম পরিচালনা করতে হবে।

৩. প্রতিদিনের ভেন্ডিং এ সংগৃহীত অর্থ ওজোপাডিকোর সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা এবং Reconciliation এর বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান, বাণিজ্যিক শাকা ও প্রিপেইড দপ্তর নিশ্চিত করবেন।

৪. প্রি-পেমেন্ট ভেন্ডিং এর মাধ্যমে গ্রাহককে প্রদত্ত রশিদে নিম্ন বর্ণিত বিষয়াদি উল্লেখ থাকতে হবেঃ
গ্রাহক নং, গ্রাহকের নাম, গ্রাহকের পিতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর, অনুমোদিত লোড, মিটার নং, ট্যারিফ শ্রেণী, ভেন্ডিং এর তারিখ, অপারেটর, সিকোয়েন্স নাম্বার, এনার্জির মূল্য, মিটার ভাড়া, ডিমান্ড চার্জ, সার্ভিস চার্জ, রিবোট, বকেয়া আদায়, সর্বমোট আদায় এবং টোকেন নাম্বার সহ সংশ্লিষ্ট দপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তার মোবাইল নাম্বার।

অনলাইন ব্যাংক ও MFS-এর ক্ষেত্রে

ক) গ্রাহক অনলাইন ব্যাংক/MFS-এর মাধ্যমে ভেন্ডিং করতে পারবে এবং উক্ত ভেন্ডিং-এর প্রেক্ষিতে গ্রাহককে একটি টোকেন প্রদান করা হবে যার মাধ্যমে প্রিপেইড মিটার রিচার্জ করা যাবে।

খ) ব্যাংক দিনের শুরুতে পূর্ববর্তী দিনের আদায়কৃত বিলের তথ্য পূর্বনির্ধারিত ফরম্যাট এ Daily Bill Collection Report (DBS) **(পরিশিষ্ট-২৬)** অনুযায়ী বিলিং দপ্তরে প্রেরণ করবে।

গ) ব্যাংক কর্তৃক প্রেরিত উক্ত রিপোর্টসমূহের তথ্য ওজোপাডিকোর বিলিং ডাটাবেজে সঠিকভাবে প্রতিফলিত হয়েছে কি না তা ওজোপাডিকোর আইসিটি দপ্তর পরীক্ষান্তে নিশ্চিত করবে।

৩.২.৫। বিল পুনর্মিলন (Reconciliation)

ক) অফলাইন ব্যাংকের ক্ষেত্রে

১. বিবিবি/ইএসইউ এর আওতাধীন নির্ধারিত ব্যাংক শাখা গ্রাহকদের নিকট হতে পোস্ট-পেইড বিল সংগ্রহ করবেন। বিল স্ক্রল নং, স্বাক্ষর ও সীল প্রদান পূর্বক 'গ্রাহক কপি' গ্রাহককে বা তার প্রতিনিধিকে ফেরত প্রদান করবে।

২. ব্যাংক প্রতিদিনের বিদ্যুৎ বিল আদায়ের বিবরণী **(পরিশিষ্ট-২৪)** প্রস্তুত করবে।

৩. ব্যাংক প্রস্তুতকৃত আদায় বিবরণী ও আদায়কৃত বিদ্যুৎ বিলের দ্বিতীয় কপিসহ প্রতিদিন সংশ্লিষ্ট বিউবো/ইএসইউ দপ্তরে প্রেরণ করবে।

৪. মাসিক আদায় বিবরণী ভ্যাটসহ প্রস্তুত ও সংশ্লিষ্ট বিউবো/ইএসইউ দপ্তরে প্রেরণ করবে।

৫. সংশ্লিষ্ট দপ্তর DCS (Daily Collection Sheet) Reconciliation নিশ্চিত পূর্বক আইসিটি দপ্তরে প্রেরণ করবে।

খ) অনলাইন ব্যাংকের ক্ষেত্রে

১. ওজোপাডিকোর বিলিং ডাটাবেজে পোস্টকৃত আদায়ের তথ্য ও ওজোপাডিকোর সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমাকৃত অর্থ উপ মহাব্যবস্থাপক (হিসাব) দপ্তর Reconciliation করবে।

২. উক্ত Reconciliation এর জন্য ওজোপাডিকোর বিলিং ডাটাবেজে পোস্টকৃত আদায়ের স্বাক্ষরিত তথ্য আইসিটি দপ্তর সরবরাহ করবে।

কিস্তি ব্যবস্থাপনা

রাজস্ব আদায়ের স্বার্থে বকেয়া বিল/ক্ষতিপূরণ বিল আদায়ের জন্য নিম্নোক্ত ছক মোতাবেক কিস্তি সুবিধা প্রদান করা যেতে পারে।

ক্রমিক নং	কিস্তির পরিমাণ	অনুমোদনকারী কর্মকর্তা	মন্তব্য
১	২ টি	নির্বাহী প্রকৌশলী	২৩০/৪০০ ভোল্ট গ্রাহকের ক্ষেত্রে
২	৪ টি	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	
৩	৬ টি	প্রধান প্রকৌশলী	
৪	১০ টি	নির্বাহী পরিচালক (অপারেশন)	
৫	প্রয়োজনীয় সংখ্যক	ব্যবস্থাপনা পরিচালক	

৩.২.৬। বিল রেমিটেন্স (Remittance)

অফলাইন ব্যাংকের ক্ষেত্রেঃ

ক) সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব দপ্তর প্রতি সপ্তাহে ব্যাংক স্থিতির অর্থ আঞ্চলিক ব্যাংকে স্থানান্তর করবেন।

খ) আঞ্চলিক ব্যাংক আদায়, রেমিটেন্স ও ব্যালেন্স সহকারে একটি বিবরণী প্রস্তুত করবে এবং এক কপি সংশ্লিষ্ট বিবিবি/ইএসইউ, আঞ্চলিক হিসাব দপ্তর এবং উপ-মহাব্যবস্থাপক (হিসাব) দপ্তর বরাবর প্রেরণ করবে।

গ) সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব দপ্তর ব্যাংকগুলো হতে আঞ্চলিক ব্যাংকে স্থানান্তরকৃত ফান্ডের পরিমাণ Reconciliation করবে।

ঘ) আঞ্চলিক ব্যাংক হতে সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব দপ্তর মাসিক আদায় বিবরণী সংগ্রহ করবে এবং একটি রেজিস্টারে তা লিপিবদ্ধ করতে হবে।

ঙ) আঞ্চলিক ব্যাংক মাসের ১০ ও ২০ তারিখ অথবা ওজোপাডিকোর প্রয়োজনে ভিন্ন কোনো তারিখে ওজোপাডিকোর কেন্দ্রীয় ব্যাংকে ফান্ড স্থানান্তর করবে।

চ) আঞ্চলিক হিসাব দপ্তর আঞ্চলিক ব্যাংক হতে কেন্দ্রীয় ব্যাংকে ফান্ড পাঠালে কেন্দ্রীয় ব্যাংক রেমিটেন্স বিবরণী প্রস্তুত করবে এবং আঞ্চলিক ব্যাংকের বিবরণী সহকারে উপ-মহাব্যবস্থাপক (হিসাব) দপ্তর বরাবর প্রেরণ করবে।

ছ) উপ-মহাব্যবস্থাপক (হিসাব) এর দপ্তর আঞ্চলিক ব্যাংক হতে কেন্দ্রীয় ব্যাংকে স্থানান্তরকৃত ফান্ডের বিবরণী পুনর্মিলন করবে।

জ) উপ-মহাব্যবস্থাপক (হিসাব) দপ্তর সঠিকভাবে প্রতিমাসের ২০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের আদায়ের Reconciliation করবে।

ঝ) কোনো কারণে কোনো বিচ্যুতি পরিলক্ষিত হলে সেন্ট্রাল পেমেন্ট সেল, ওজোপাডিকো সংশ্লিষ্ট এলাকার ব্যাংক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও নিরীক্ষণের মাধ্যমে তা সমাধান করবে।

অনলাইন ব্যাংকিং এর ক্ষেত্রে

ক) One Bank One Collection হিসাবের কারণে ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর সাথে চুক্তি অনুযায়ী রাজস্ব ওজোপাডিকোর কেন্দ্রীয় হিসাবে জমা হবে। সেন্ট্রাল পেমেন্ট সেল, ওজোপাডিকো বিষয়টি নিশ্চিত করবেন।

খ) কোনো কারণে কোনো বিচ্যুতি পরিলক্ষিত হলে সেন্ট্রাল পেমেন্ট সেল, ওজোপাডিকো এবং আইসিটি দপ্তর সংশ্লিষ্ট ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর সাথে আলোচনা ও নিরীক্ষণের মাধ্যমে তা সমাধান করবে। সেন্ট্রাল পেমেন্ট সেল, ওজোপাডিকো বিষয়টি নিশ্চিত করবেন।

বি:দ্র: অনলাইন অফলাইন সকল ব্যংকের ক্ষেত্রে মাসিক ব্যাংক ষ্টেটমেন্ট পরিশিষ্ট-২৫,২৭(ক,খ) অনুয়ায়ী গ্রহণ করতে হবে।

চতুর্থ অধ্যায়

MOD

৪.১। এমওডি দাখিল সংক্রান্ত বিষয়াবলি

এমওডি ০২ (দুই) ধরনের—

ক) প্রভিশনাল এমওডি

খ) বিস্তারিত এমওডি

৪.১.১। প্রভিশনাল এমওডি

১. প্রতি মাসের ১ থেকে ৫ তারিখের মধ্যে ঐ মাসের এমওডি সংশ্লিষ্ট দপ্তর হতে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করতে হবে।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর যাচাই-বাছাই শেষে ৬ তারিখের মধ্যে বাণিজ্যিক পরিচালন শাখার প্রধান বরাবর এমওডি প্রেরণ করবে।
৩. প্রভিশনাল এমওডি প্রণয়নে এমওডি ফরম্যাটের শুধুমাত্র উপরের পাতা ব্যবহার করতে হবে।

৪.১.২। বিস্তারিত এমওডি

ক) প্রতিমাসের ১২ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের এমওডি সংশ্লিষ্ট দপ্তর হতে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করতে হবে।

খ) এমওডি ফরম্যাট অনুযায়ী সংশ্লিষ্ট কম্পিউটার বিলিং সেকশন হতে প্রস্তুতকৃত ও সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক পরীক্ষিত এমওডি দাখিল করতে হবে। সংশ্লিষ্ট দপ্তর হতে কোনো এমওডি প্রণয়ন করা যাবে না।

গ) প্রি-পেইড গ্রাহকদের মাসিক এমওডি **(পরিশিষ্ট-২৮(ছ))** মোতাবেক পূরণ করতঃ সংশ্লিষ্ট কম্পিউটার বিলিং সেকশনে বিস্তারিত এমওডি প্রণয়নের জন্য প্রেরণ করতে হবে।

ঘ) এমওডি'র আদায় বিবরণীতে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রধানের স্বাক্ষর গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট আঞ্চলিক প্রধান আদায় বিবরণী যথাযথ পরীক্ষা করে ও নিশ্চিত হয়ে স্বাক্ষর করবেন। বিবরণীতে কোনো পার্থক্য পরিলক্ষিত হলে তা অনুসন্ধান করবেন এবং সংশোধনের ব্যবস্থা করবেন। ত্রুটিপূর্ণ বিবরণীর জন্য তিনি দায়বদ্ধ থাকবেন।

ঙ) বিস্তারিত এমওডি প্রাপ্তির পর তত্ত্বাবধায়ক প্রকৌশলী তার সার্কেলের আওতাধীন দপ্তর প্রধান, সংশ্লিষ্ট আইসিটি প্রধান ও সংশ্লিষ্ট কম্পিউটার বিলিং সেকশন প্রধানকে নিয়ে প্রতিমাসের ১৩ তারিখ পূর্ববর্তী মাসের বিস্তারিত এমওডি নিয়ে রাজস্ব সভা করবেন।

চ) বিস্তারিত এমওডি'এ কোনো ত্রুটি পরিলক্ষিত হলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী তা সংশোধনের ব্যবস্থা গ্রহণ করবেন।

ছ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী তার সার্কেলের সকল দপ্তরের তথ্যসূচি সার-সংক্ষেপ ও বিস্তারিত এমওডি ১৫ তারিখের মধ্যে বাণিজ্যিক পরিচালন দপ্তরে প্রেরণ করবেন।

জ) বাণিজ্যিক পরিচালন দপ্তরে প্রণীত এক্সিকিউটিভ সামারি যে মাসের এমওডি সে মাসের সাথে সংকলিত হবে এবং তার পরের মাসের তথ্য প্রভিশনাল বলে অভিহিত হবে।

ঝ) কোনো মাসে কোনো অবৈধ গ্রাহককে বিল করা হলে গ্রাহকের সংখ্যা, ব্যবহৃত এনার্জি, বিলকৃত টাকা ও আদায়কৃত টাকা এমওডি'এ সংশ্লিষ্ট গ্রাহক শ্রেণির বিপরীতে দেখাতে হবে।

ঞ) কোনো শ্রেণির গ্রাহককে মিনিমাম চার্জের বিল করা হলেও উক্ত গ্রাহক সংখ্যা, ব্যবহৃত এনার্জি, বিলকৃত টাকা, আদায়কৃত টাকা এমওডি'এ সংশ্লিষ্ট গ্রাহক শ্রেণির বিপরীতে দেখাতে হবে।

ট) এমওডি'র ফরম্যাটে এ মিনিমাম চার্জকৃত গ্রাহক সংখ্যা, বিলের পরিমাণ ইত্যাদি প্রদর্শন করতে হবে।

ঠ) এমওডি'র সকল ছক **(পরিশিষ্ট-২৮(ক,খ,গ,ঘ,ঙ,চ,ছ))** পূরণ করতে হবে। অন্যথায় এমওডি গৃহীত হবে না।

ড) কোনো মাসের এমওডি-তে ভুল তথ্য ধরা পড়লে পরবর্তী মাসের এমওডি-তে তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ সে ভুল সংশোধন করে বাণিজ্যিক পরিচালন শাখার প্রধানের দপ্তরে এমওডি প্রেরণ করবেন।

৪.২। এমওডি ফরম্যাট সংক্রান্ত বিষয়াবলি

১। No. of Consumer: দপ্তরের আওতাধীন বিলকৃত ও বিলের বহির্ভূত মোট গ্রাহক সংখ্যা।

২। No. of Consumer Billed: বিলকৃত গ্রাহক সংখ্যা।

৩। Net Energy Import (Kwh): গ্রিড উপকেন্দ্রে স্থাপিত মিটারের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক ও সংশ্লিষ্ট এনার্জি অডিট সেল কর্তৃক গ্রিড উপকেন্দ্রের ব্যালান্স (পজিটিভ/নেগেটিভ) সহ নির্ধারিত ইউনিট।

৪। Net Energy Generated (Kwh): কোনো দপ্তরের আওতাধীন ৩৩/১১ কেভি উপকেন্দ্রের সাথে সংযুক্ত উৎপাদন কেন্দ্রের প্রযোজ্য ইউনিট।

৫। Total Energy Imported (Kwh): উপর্যুক্ত ৩ ও ৪ এ বর্ণিত ইউনিটের যোগফল।

৬। Total Energy Sold to consumers (Kwh): গ্রাহকের নিকট বিক্রিকৃত ইউনিট।

৭। Energy Loss%: উপর্যুক্ত ৫ ও ৬ এর বিয়োগফল।

৮। System Loss%: [Energy Loss (Kwh)/Total Energy Imported (Kwh)] × 100

৯। Net Billed Amount (Tk.): Net Billed Amount এর নিম্নবর্ণিত অংশ সমূহ থাকবে:

i. Energy Charge, Demand Charge, Service Charge, Minimum Charge
ii. X-former loss, X-former rent, PFC Charge

১০। Total LPS Billed Amount (Tk.): নির্ধারিত সময়ে বিল পরিশোধ না হওয়ায় কোনো মাসে প্রণীত সর্বমোট সারচার্জ।

১১। Gross Billed Amount (Tk.): Gross Billed Amount এর নিম্নবর্ণিত অংশসমূহ থাকবে:

i. Energy Charge, Demand Charge, Service Charge, Service Connection Charge
ii. Disconnection/Re-connection Charge, Late Payment Surcharge (LPS),
iii. Others (X-former rent, Meter rent, sale of form etc.)

১২। Net Collected Amount (Tk.): Net Billed Amount এর ন্যায়।

১৩। Total LPS Collected Amount (Tk.): কোনো মাসে আদায়কৃত মোট LPS।

১৪। Gross Collected Amount (Tk.): Gross Billed Amount এর ন্যায়।

১৫। CB Ratio % =

$$\frac{\text{Net Collected Amount (Tk.)} \times 100\ \%}{\text{Previous Month Postpaid Net Billed Amount (Tk.)} + \text{Presen Month Prepaid Net Billed Amount (Tk.)}}$$

১৬। Net A/C Receivable (Tk.): Net Amount Receivable at the end of previous month + Net Amount Billed for the month - Net Amount Collected for the month

১৭। Net A/C Receivable LPS (Tk.): ১৬ এর ন্যায়। এক্ষেত্রে Amount এর পরিবর্তে LPS হবে।

১৮। $\text{Equivalent Month} = \frac{\text{Net Account Receivable(Tk.)}}{\text{Net Average Billed Amount (Tk.)}}$

$$\text{Net Average Billed Amount (Tk.)} = \frac{\text{Net Billed Amount(Tk.)of current month} + \text{Net Billed Amount(Tk.) of previous 11 month}}{12}$$

১৯। $\text{Billing Rate} = \frac{\text{Total Billed Energy Charge}}{\text{Total Billed Unit}}$

২০। PFC: BERC/সরকার কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী পিএফসি নির্ধারিত হবে।

২১। DCS Collection: পোস্ট-পেমেন্ট গ্রাহকদের নিকট হতে ব্যাংক কর্তৃক আদায়কৃত টাকা।

২২। Pre-paid Collection (Tk.): Pre-paid গ্রাহকদের নিকট হতে আদায়কৃত টাকা।

২৩। Total Adjusted Energy (Kwh): কোনো মাসের সংশোধিত ও সমন্বয়কৃত ইউনিট।

২৪। Total Adjusted Billed Amount (Tk.): কোনো মাসের সংশোধিত ও সমন্বয়কৃত বিলের পরিমাণ।

২৫। জামানতের টাকা এবং ভ্যাটের টাকা পৃথকভাবে এমওডি'তে প্রদর্শন করতে হবে। জামানতের টাকা বিবরণীর জন্য আবশ্যিকভাবে পৃথক লেজার সংরক্ষণ করতে হবে। কোনো কারণে জামানত ফেরত প্রদান করা হলে দপ্তর প্রধান সংশ্লিষ্ট গ্রাহকের জামানতের বিপরীতে উত্তোলনের তারিখসহ স্বাক্ষর করবেন। পাশাপাশি জামানত গ্রহণকারী লেজারে স্বাক্ষর করবেন। গ্রাহকের জামানতের তথ্য ওজোপাডিকোর আইসিটি বিভাগের ডাটাবেজে সংরক্ষণ করতে হবে।

পঞ্চম অধ্যায়

পরিশিষ্ট

পরিশিষ্ট

পরিশিষ্ট-০১(ক) নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন ফরম (অনলাইন)

পরিশিষ্ট-০১(খ) নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন ফরম (অফলাইন, ২৩০/৪০০ ভোল্ট)

পরিশিষ্ট-০২(ক) নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন ফরম (অফলাইন, ১১০০০ ভোল্ট)

পরিশিষ্ট-০২(খ) নতুন ১১/৩৩ কেভি বিদ্যুৎ সংযোগ প্রদানের নিমিত্ত দরখাস্তের সহিত প্রাপ্ত দলিল পত্রের তথ্য বিবরণী

পরিশিষ্ট-০৩ নতুন সংযোগ প্রদানের ফ্লো-চার্ট

পরিশিষ্ট-০৪(ক) প্রাক্কলন প্রস্তুতি ফরম (২৩০ ভোল্ট)

পরিশিষ্ট-০৪(খ) প্রাক্কলন প্রস্তুতি ফরম (২৩০ ভোল্ট, চাইল্ড মিটার)

পরিশিষ্ট-০৫ প্রাক্কলন প্রস্তুতি ফরম (৪১৫ ভোল্ট)

পরিশিষ্ট-০৬ প্রাক্কলন প্রস্তুতি ফরম (১১কেভি/৩৩কেভি ভোল্ট)

পরিশিষ্ট-০৭(ক) সিলিং রেজিস্টার (সিঙ্গেল)/সিলিং বিবরণী (২৩০ ভোল্ট)

পরিশিষ্ট-০৭(খ) সিলিং রেজিস্টার (ডাবল)/সিলিং বিবরণী (থ্রী ফেজ)

পরিশিষ্ট-০৮ সেনসাস ফরম (২৩০/৪০০ ভোল্ট)

পরিশিষ্ট-০৯ সেনসাস ফরম (১১/৩৩ কেভি ভোল্ট)

পরিশিষ্ট-১০ বিবিধ সেবা আবেদন ফরম

পরিশিষ্ট-১১ বিল কারেকশন ফরম (২৩০/৪০০ ভোল্ট)

পরিশিষ্ট-১২ বিল কারেকশন ফরম (১১/৩৩ কেভি ভোল্ট)

পরিশিষ্ট-১৩ মিটার এক্সচেঞ্জ ফরম (২৩০/৪০০ ভোল্ট)

পরিশিষ্ট-১৪ মিটার এক্সচেঞ্জ ফরম (১১/৩৩ কেভি ভোল্ট)

পরিশিষ্ট-১৫ মাস্টার এমেন্ডমেন্ট ফরম

পরিশিষ্ট-১৬ ডিসকানেকশন ফরম

পরিশিষ্ট-১৭ রিকানেকশন ফরম

পরিশিষ্ট-১৮ মিটার রিডিং শীট (এমআরএস) নমুনা (২৩০/৪০০ ভোল্ট এবং ১১/৩৩ কেভি ভোল্ট)

পরিশিষ্ট-১৯ ইলেকট্রিসিটি বিল (সিঙ্গেল রেজিস্টার)

পরিশিষ্ট-২০ ইলেকট্রিসিটি বিল (ডাবল রেজিস্টার)

পরিশিষ্ট-২১ ইলেকট্রিসিটি বিল (এইচটি গ্রাহক)

পরিশিষ্ট-২২ নেট মিটারিং বিল

পরিশিষ্ট-২৩ প্রিপেমেন্ট টোকেন

পরিশিষ্ট-২৪ ডিসিএস নমুনা

পরিশিষ্ট-২৫ ব্যাংক স্টেটমেন্ট এর নমুনা

পরিশিষ্ট-২৬ ডেইলি বিল কালেকশন রিপোর্ট (ডিবিএস)

পরিশিষ্ট-২৭(ক) সেন্ট্রাল কালেকশন রিপোর্ট (প্রিপেইড)

পরিশিষ্ট-২৭(খ) সেন্ট্রাল কালেকশন রিপোর্ট (পোষ্টপেইড)

পরিশিষ্ট-২৮(ক) এমওডি ফরম ৩১০/১

পরিশিষ্ট-২৮(খ) এমওডি ফরম ৩১০/২

পরিশিষ্ট-২৮(গ) এমওডি ফরম ৩১০/৩


পরিশিষ্ট-২৮(ঘ) এমওডি ফরম ৩১০/৪

পরিশিষ্ট-২৮(ঙ) এমওডি ফরম ৩১০/৫

পরিশিষ্ট-২৮(চ) এমওডি সামারী শীট
পরিশিষ্ট-২৮(ছ) প্রি-পেইড এমওডি
পরিশিষ্ট-২৯ (ক) ১ ফেজ/৩ ফেজ প্রিপেইড চেকিং রিপোর্ট
পরিশিষ্ট-২৯(খ) প্রিপেইড মিটার (১ ফেজ/৩ ফেজ) পরিদর্শন চেক লিষ্ট
পরিশিষ্ট-৩০(ক) নেট মিটারিং সংযোগ ফ্লোচার্ট
পরিশিষ্ট-৩০(খ) নেট মিটারিং আবেদন ফরম
পরিশিষ্ট-৩১ নেট মিটার (১ ফেজ/৩ ফেজ) পরিদর্শন রিপোর্ট
পরিশিষ্ট-৩২ জামানতের টাকা ফেরত পাওয়ার আবেদন
পরিশিষ্ট-৩৩ ৩৩/১১ কেভি উপকেন্দ্রের এনার্জি ব্যালান্স

পরিশিষ্ট-১(ক)


WZPDCL Online Application
Apply For New Connection
Visit online application system
Apply For Other Services
Our mission is to reach each house with uninterrupted service. With this goal in mind, we are working together to make our valuable consumer's life easier.


Online Application
Login
Home
Apply
Update Application
Re-print Application
Consumer Cost Report
View Status
Payment
©2026 WZPDCL; .
Developed by ICT Section, WZPDCL
https://newconnection.wzpdcl.gov.bd/Application/Apply#
বিনিয়োগকারী ক্যাটাগরি শিল্প ও বাণিজ্য (এমটি-৩) ট্যারিফের নতুন বিদ্যুৎ সংযোগের জন্য অবশ্যই বিডার মাধ্যমে আবেদন করতে হবে।
বিডার ওয়েবসাইটে যেতে ক্লিক করুণ। BIDA One Stop Service(OSS) Portal.
Application Form
PERSONAL INFO
MAILING ADDRESS
CONNECTION ADDRESS
DESCRIPTION
Personal Info
* marked fields are required
Applicant's Name *
Spouse Name
Name (in Bengali)
National ID

Online Application

Login

- Home
- Apply
- Update Application
- Re-print Application
- Consumer Cost Report
- View Status
- Payment

Father's Name *

Gender *

Mobile *

Date of Birth *

* Signature

Choose File No file chosen

*** Maximum file size 150kb.

Signature

* Photo

Choose File No file chosen

*** Maximum file size 150kb.

Photo

Chaptcha

Save and Continue >>

©2026 WZPDCL; .

Developed by ICT Section, WZPDCL

ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

দরখাস্ত বিক্রির ব্যাংক স্লিপ নং:
তারিখ:

প্রতি,

আবাসিক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী

.....

২৩০/৪০০ ভোল্ট নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (আবেদনকারী এক কপি ফরম পূরণ করে দাখিল করবেন) ।

১। (ক) আবেদনকারীর/ প্রতিষ্ঠানের নাম:

২। (ক) যেখানে বিদ্যুৎ সংযোগ দেয়া হবে পূর্ণ ঠিকানা -

রোড/ গ্রাম: পৌর হল্ডিং নং/ দাগ নং/ মৌজা:

প্লট নং: থানা: জেলা:

(খ) যোগাযোগের ঠিকানা (মোবাইল নম্বরসহ):

৩। (ক) আবেদনকারী/ প্রতিষ্ঠানের মালিকের নাম: বয়সঃ

পিতা/ স্বামীর নাম:

(খ) স্থায়ী ঠিকানা:

রোড/গ্রাম: পৌর হোল্ডিং নং/দাগ নং/মৌজা:

প্লট নং: থানা: জেলা:

৪। যে স্থানে সংযোগ দেয়া হবে তার মালিক আবেদনকারী কিনা: হ্যাঁ/না

৫। আবেদনকারী নিজে সংযোগ স্থানের মালিক না হলে মালিকের নাম:

পিতা/স্বামীর নাম:

রোড/গ্রাম: পৌর হোল্ডিং নং/দাগ নং/মৌজা:

প্লট নং: থানা: জেলা:

৬। (ক) সংযোগ টাইপ আবাসিক/বাণিজ্যিক/ক্ষুদ্র শিল্প/অন্যান্য:

(খ) বাণিজ্যিক/ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে ব্যবসা/কারখানার বিবরণ:

৭। যে সমস্ত বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করা হবে তার তালিকা:

	লোডের বিবরণ		রেটেড			স্টার্টিং কারেন্ট (এ্যাম্পস)	মোট লোড কি.ও.	অপারেশনের টাইপ (সার্বক্ষণিক/ মাঝারি/স্ট্যান্ডবাই)
			ভোল্টেজ (ভোল্ট)	ক্যাপাসিটি কি.ও.	পাওয়ার ফ্যাক্টর			
	বাতি			[illegible]				
	পাখা							

